২০১৮-১৯ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পর ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
০১।	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	০২	০২	-	-	১	-	-	১	-

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ০২

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ: (১) ক্রয় কার্যক্রমে দীর্ঘসূত্রীতা; (২) ভূমি উন্নয়ন ও আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ কাজে সময়ক্ষেপণ; (৩) সময়মত প্রকল্পের বিপরীতে অর্থায়ন না পাওয়া; (৪) প্রকল্প গ্রহণের সময় সুদৃঢ় প্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যৎ প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয়। এতে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায় ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
৩.১	প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতিগুলো সংস্থার টিওএন্ডই ভুক্ত করতে হবে, মূলধনি যন্ত্রপাতিগুলোর ওয়ারেন্টি পিরিয়ডের পর সচল রাখার জন্য নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে এবং রক্ষণাবেক্ষনের জন্য রাজস্ব বাজেটে বাৎসরিক পর্যাপ্ত বরাদ্দ রাখতে হবে ।	৩.১	ভবিষ্যতে প্রকল্প গ্রহণের সময় প্রকল্পের মালামাল ও যন্ত্রপাতি প্রকল্প সমাপ্তির পূর্বেই টিওএন্ডই ভুক্ত করার কার্যকরি ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩.২	ক্রয়কৃত যন্ত্রপাতি ও অন্যান্য মালামালের সঠিক সংরক্ষনের জন্য লগবুক, সম্পদ রেজিস্টার ও দর্শনার্থী রেজিস্টার চলমান রাখতে হবে এবং আবশ্যিকভাবে ট্যাগিং নাম্বার দিতে হবে।	৩.২	ভবিষ্যতে প্রকল্প চলমান অবস্থায় ক্রয়কৃত যন্ত্রপাতি ও অন্যান্য মালামালের সঠিক সংরক্ষনের জন্য লগবুক, সম্পদ রেজিস্টার ও দর্শনার্থী রেজিস্টার আবশ্যিক ভাবে সংরক্ষনের ব্যবস্থা নিতে হবে।
৩.৩	বৈজ্ঞানিক মূল্যবান এই যন্ত্রপাতিসমূহের নিরাপত্তার স্বার্থে বস্তুবিজ্ঞান বিভাগ, পরমণু শক্তি কেন্দ্র ঢাকা-এর অত্যাধুনিক অগ্নিনির্বাপক ব্যবস্থা নিশ্চিত করতে হবে। প্রয়োজনে বিশেষ বরাদ্দ ব্যবস্থা করে অগ্নিনির্বাপক ব্যবস্থার কাজ করতে হবে।	৩.৩	পরবর্তী প্রকল্পের ক্ষেত্রে বৈজ্ঞানিক মূল্যবান যন্ত্রপাতিসমূহের নিরাপত্তার স্বার্থে অত্যাধুনিক অগ্নিনির্বাপক ব্যবস্থার সংস্থান ডিপিপিতে অর্ন্তভূক্ত করতে হবে।
৩.৪	জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৮ জানুয়ারি/২০০৬ তারিখের পরিপত্র অনুযায়ী সমাপ্ত প্রকল্পের ক্রয়কৃত জীপ গাড়ীটি কেন্দ্রীয় পরিবহন পুলে জমা প্রদান করতে হবে। পরিবহন পুলে এখনও জমা দান না করার কারন কি তা আইএমইডিকে অবহিত করতে হবে।	৩.৪	পরবর্তী প্রকল্পের সমাপ্তির সাথে সাথে গাড়ীসমূহ কেন্দ্রীয় পরিবহণ পুলে আবশ্যিক ভাবে জমাদানের ব্যবস্থা নিতে হবে।
৩.৫	প্রকল্পটি শেষ হয়েছে ডিসেম্বর, ২০১৮ সালে, কিন্তু রাজস্বখাতে এখনো জনবল নিয়োগ হয়নি এবং জনবল নিয়োগ না হওয়ায় প্রতিষ্ঠানটির কার্যক্রম ভালভাবে পরিচালিত হচ্ছে না।	৩.৫	প্রকল্প সমাপ্তির ১ বছর পূর্বেই স্থায়ী জনবল নিয়োগের জন্য অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রকল্প পরিচালকগণ প্রয়োজনীয়

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
	দুধওদুগ্ধজাতএবংফার্মেন্টেডখাদ্যপণ্যগবেষণা শাখাটির কার্যক্রম টেকসই ও শক্তিশালি করার জন্য প্রয়োজনীয় পদ সৃজন করে দ্রুত জনবল নিয়োগ প্রদানের ব্যবস্থা নিতে হবে।		ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ (১ম সংশোধিত) সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন (সমাপ্ত: জুন ২০১৯)

প্রকল্পের মৌলিক তথ্য

১. প্রকল্পের নাম : বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ (১ম সংশোধিত)

২. উদ্যেগী মন্ত্রণালয়/বিভাগ : ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

৩. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ ডাক বিভাগ

৪. প্রকল্পের ধরণ : বিনিয়োগ

৫. অর্থায়নের উৎস : জিওবি

৬. প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত: (লক্ষ টাকা)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়		অনুমোদনের তারিখ	বাস্তবায়নকাল
	মোট	জিওবি		
মূল	৫৪৭২.০০	৫৪৭২.০০	১৭-০৬-২০১৪	০১-০৭-২০১৪ হতে ৩০-০৬-২০১৭
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	৫৪৭২.০০	৫৪৭২.০০	--	০১-০৭-২০১৭ হতে ৩০-০৬-২০১৮
সংশোধিত (১ম) (প্রযোজ্য ক্ষেত্রে)	৯১৯০.০০	৯১৯০.০০	২০-০৩-২০১৮	০১-০৭-২০১৮ হতে ৩১-১২-২০১৮
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	৯১৯০.০০	৯১৯০.০০	--	০১.০১.২০১৯ হতে ৩০.০৬.২০১৯

৭. প্রকল্প এলাকা: ঢাকাস্থ আগারগাঁও

৮. প্রকল্পের উদ্দেশ্য:

- বাংলাদেশ পোস্ট অফিসের স্বতন্ত্র সদর দপ্তর প্রতিষ্ঠা;
- অপারেটিং অফিস থেকে প্রশাসনিক অফিস আলাদা করার মাধ্যমে দক্ষ এবং বাঁধাহীন প্রশাসনিক কার্যক্রম নিশ্চিত করা;
- আন্তর্জাতিক পরিসরে বাংলাদেশ পোস্ট অফিসের ইমেজ বৃদ্ধি করা;
- আন্তর্জাতিক পরিসরে বাংলাদেশ পোস্ট অফিসের কার্যকর ভূমিকা নিশ্চিতকরণ;
- আধুনিক ও নিরাপদ সার্ভার সেন্টার ও প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপনের মাধ্যমে কেন্দ্রীয়ভাবে বাংলাদেশ পোস্ট অফিসের আইটি কার্যক্রম প্রতিষ্ঠা করা;
- জাতীয় ও আন্তর্জাতিক কল সেন্টার স্থাপনের মাধ্যমে ভোক্তা সাধারণদের সহযোগিতা প্রদান করা;
- আলাদা এবং যান্ত্রিকভাবে ভাল গবেষণা ও উন্নয়ন ল্যাবরেটরি প্রতিষ্ঠার মাধ্যমে বাংলাদেশ পোস্ট অফিসের গবেষণা ও উন্নয়ন কার্যক্রমকে এগিয়ে নেওয়া।

৯. প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রসমূহ:

- ভৌত অবকাঠামো নির্মাণ

- যন্ত্রপাতি, লিফট, জেনারেটর, সাব-স্টেশন, এসি, সাউন্ড সিস্টেম, ফায়ার প্রটেকশন ও ডিটেকশন, সোলার প্যানেল, নেটওয়ার্কিং।

১০. অংগভিত্তিক অগ্রগতি: (লক্ষ টাকা)

অংগভিত্তিক	মূল অনুমোদিত ডিপিপি		প্রকৃত ব্যয়	
	পরিমান	মোট	পরিমান	মোট
১	২	৩	৪	৫
(ক) রাজস্ব				
অফিসারের বেতন	২ জন	১২.০০	২ জন	১১.১৬
কর্মচারীর বেতন	২ জন	৮.১৫	২ জন	৮.০৬
ভাতা (হাউজ রেন্ট, ফেস্টিভাল, মেডিক্যাল ইত্যাদি)	৪ জন	৯.৩৫	৪ জন	২.৭৩
গাড়ির রেজিস্টেশন, ট্যাক্স, রুট পারমিট ইত্যাদি	থোক	২.০০	থোক	০.৯৯
গাড়ির ফুয়েল	থোক	৭.৩৯	থোক	৬.৩৮
স্টেশনারীজ	থোক	১০.০০	থোক	৯.৯২
বিজ্ঞাপন	থোক	৫.৬১	থোক	৫.৬০
পরামর্শক ফি	১৪৯.৫০ এম এম	১১৩.০০	১৪৯.৫০ এম এম	১১২.৯৯
সম্মানী ভাতা (টিওসি, টিইসি ইত্যাদি)	থোক	৭.০০	থোক	৬.০৯
গাড়ি মেরামত	থোক	৩.০০	থোক	১.৭২
উপ-মোট (রাজস্ব)		১৭৭.৫০		১৬৫.৬৪
(খ) মূলধন				
গাড়ি	১টি	৭২.০০	১টি	৭০.৩৮
মেশিনারিজ এন্ড ইক্যুইপমেন্টস	২১৪টি	৫৩১.৯৮	১১১টি	৫৩১.৯৮
আসবাবপত্র	৫টি	০.৫৭	৫টি	০.৫৭
নির্মাণ কাজ	১৬৪১৭ ব:মি:	৮৪০৭.৯৫	১৬৪১৭ ব:মি:	৮৪০৫.২৯

অংগভিত্তিক	মূল অনুমোদিত ডিপিপি		প্রকৃত ব্যয়	
	পরিমান	মোট	পরিমান	মোট
১	২	৩	৪	৫
উপ-মোট (মূলধন)		9012.50		9008.22
সর্বমোট (ক+খ)		9190.00		9173.86

১১. অর্থবছর ভিত্তিক ডিপিপি/টিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থ ছাড় ও বাস্তবায়ন অবস্থা:

(লক্ষ টাকা)

অর্থবছর	ডিপিপি সংস্থান	এডিপি বরাদ্দ	অর্থ ছাড়	প্রকৃত ব্যয়
২০১৫-২০১৬	২২৯৭.৫০	৫০০.০০	৫০০.০০	১১৮.৬১ (বাস্তবায়নের ১ম বছর হওয়ায় প্রস্তুতিমূলক কাজে অধিক সময় ব্যয়)
২০১৬-২০১৭	২২৯৭.৫০	৩১৯৫.০০	৩১৯৫.০০	৩১৮৩.৭২
২০১৭-২০১৮	২২৯৭.৫০	২৭৮০.০০	২৭৮০.০০	১৭২৯.১২
২০১৮-২০১৯	২২৯৭.৫০	৪১৫৮.০০	৪১৫৮.০০	৪১৪২.৪১

১২. প্রকল্প পরিচালক সম্পকিত তথ্য:

প্রকল্প পরিচালক এর নাম	পদবি ও মূল দপ্তর	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
১	২	৩	৪	৫	৬
হাওলাদার মোঃ গিয়াস উদ্দিন	অতিরিক্ত মহাপরিচালক ডাক অধিদপ্তর	১৩.১০.২০১৪ হতে ৩১.১২.২০১৬	নিয়মিত	না	
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা)	অতিরিক্ত মহাপরিচালক(পরিকল্পনা) ডাক অধিদপ্তর	০১.০১.২০১৭ হতে ২২.০৪.২০১৭	অতিরিক্ত দায়িত্ব	না	
মোঃ রিয়াজুল ইসলাম	পরিচালক (স্ট্যাম্পস) ডাক অধিদপ্তর	২৩.০৪.২০১৭ হতে ৩০.০৬.২০১৯	নিয়মিত	না	

১৩. সংশোধিত ডিপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা: মোট: ৬টি (পণ্য ৩টি, পূর্ত ২টি ও সেবা ১টি)

১৪. ডিপিপি এবং প্রকৃত ব্যয়ের অংগভিত্তিক তুলনা:

(লক্ষ টাকা)

অংগের নাম	ইকোনমিক কোড	মূল অনুমোদিত ডিপিপি			প্রকৃত অর্জন			পার্থক্য
		ব্যয়			ব্যয়			ব্যয়
		একক	পরিমান	মোট	একক	পরিমান	মোট	মোট
	১	২	৩	৪	৮	৯	১০	১৬
(ক) রাজস্ব								
অফিসারের বেতন	৪৫০১	জন	২	১২.০০	জন	২	১১.১৬	০.৮৪
কর্মচারীর বেতন	৪৬০১	জন	২	৮.১৫	জন	২	৮.০৬	০.০৯
ভাতা (হাউজ রেন্ট, ফেস্টিভাল, মেডিক্যাল ইত্যাদি)	৪৭০৫,৪৭১৩, ৪৭১৭	জন	৪	৯.৩৫	জন	৪	২.৭৩	৬.৬২
গাড়ির রেজিস্টেশন, ট্যাক্স, রুট পারমিট ইত্যাদি	৪৮১৮	থোক		২.০০	থোক		০.৯৯	১.০১
গাড়ির ফুয়েল	৪৮২২	থোক		৭.৩৯	থোক		৬.৩৮	১.০১
স্টেশনারীজ	৪৮২৮	থোক		১০.০০	থোক		৯.৯২	০.০৮
বিজ্ঞাপন	৪৮৩৩	থোক		৫.৬১	থোক		৫.৬০	০.০১
পরামর্শক ফি	৪৮৭৪	এম এম	১৪৯.৫০	১১৩.০০	এম এম	১৪৯.৫০	১১২.৯৯	০.০১
সম্মানী ভাতা (টিওসি, টিইসি ইত্যাদি)	৪৮৮৩	থোক		৭.০০	থোক		৬.০৯	০.৯১
গাড়ি মেরামত	৪৯০১	থোক		৩.০০	থোক		১.৭২	১.২৮
	উপ-মোট (রাজস্ব)			১৭৭.৫০			১৬৫.৬৪	১১.৮৬
	(খ) মূলধন							
গাড়ি	৬৮০৭	টি	১	৭২.০০	টি	১	৭০.৩৮	১.৬২
মেশিনারিজ এন্ড	৬৮১৩	টি	২১৪	৫৩১.৯৮	টি	১১১	৫৩১.৯৮	০.০০

অংগের নাম	ইকোনমিক কোড	মূল অনুমোদিত ডিপিপি			প্রকৃত অর্জন			পার্থক্য
		ব্যয়			ব্যয়			ব্যয়
		একক	পরিমান	মোট	একক	পরিমান	মোট	মোট
	১	২	৩	৪	৮	৯	১০	১৬
ইক্যুইপমেন্টস								
আসবাবপত্র	৬৮২১	টি		০.৫৭	টি		০.৫৭	০.০০
নির্মাণ কাজ	৭০০৬	ব:মি:	১৬৪১৭	৮৪০৭.৯৫	ব:মি:	১৬৪১৭	৮৪০৫.২৯	০.৬৬
	উপ-মোট (মূলধন)			৯০১২.৫০			৯০০৮.২২	৪.২৮
সর্বমোট (ক+খ)				৯১৯০.০০			৯১৭৩.৮৬	১৬.১৪

প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ

১৫. **পরিদর্শনকৃত এলাকা:** বাংলাদেশ ডাক অধিদপ্তররের সদর দপ্তর নির্মাণ প্রকল্প এলাকা, আগারগাঁও, ঢাকা।

১৬. বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ প্রকল্প এলাকা গত ১৪/০৩/২০২১ তারিখে জনাব এস, এম মাহবুবুল হক সহকারী পরিচালক (সিনিয়র সহকারী সচিব) সেক্টর-৭ কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে ডাক অধিদপ্তরের জনাব মোঃ ছালেহ আহম্মদ, পরিচালক (পরিকল্পনা), ডাক অধিদপ্তর, ঢাকা জনাব মোঃ শামীমুর রাজী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত), ডাক অধিদপ্তর, ঢাকা, জনাব মোঃ চাঁন মিয়া, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) ও অন্যান্য কর্মকর্তাগন উপস্থিত ছিলেন। প্রকল্পের সমাপ্ত প্রতিবেদনের প্রেক্ষিতে সকলে সাথে প্রকল্প বাস্তবায়ন ও বর্তমান অবস্থা বিষয়ে আলোচনা হয়।

১৭. **মূল্যায়ন পদ্ধতিঃ** প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে:

- প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

১৮. **সার্বিক মূল্যায়ন:** বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ প্রকল্পটি মোট প্রাক্কলিত ৫৪৭২.০০ লক্ষ টাকা ব্যয়ে সম্পূর্ন জিওবি অর্থায়নে জুলাই-২০১৪ হতে জুন-২০১৭ পর্যন্ত মেয়াদে অনুমোদিত হয়। ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ম সময়বৃদ্ধি করা হয় ০১/০৭/২০১৭ হতে ৩০/০৬/২০১৮ পর্যন্ত ১ বছরের জন্য । পরবর্তীতে প্রকল্পের মেয়াদ জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০১৮ মেয়াদে সংশোধিত মতে ব্যয় বৃদ্ধি করে মোট ৯১৯০.০০ লক্ষ টাকা প্রাক্কলন করা হয়। সর্বশেষ প্রকল্পের মেয়াদ ০১/০১/২০১৯ হতে ৩০/০৬/২০১৯ পর্যন্ত ২য় বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়। সে অনুসারে প্রকল্পের প্রকৃত মেয়াদকাল দাড়ায় ০১/০৭/২০১৪ হতে ৩০/০৬/২০১৯ পর্যন্ত। অর্থাৎ প্রায় ৫ বছর আলোচ্য প্রকল্পের মূল ডিপিপিতে সদর দপ্তর ভবনটির জন্য ২টি বেইজমেন্টসহ ৮ তলা পর্যন্ত (১৪ তলা ফাউন্ডেশন) নির্মাণ কাজ সমাপ্ত করা প্রস্তাব ছিল। উক্ত প্রকল্পের সংশোধিত ডিপিপিতে ভবনটির নির্মাণ কাজ ১৪তলা পর্যন্ত সম্পন্ন করার নিমিত্ত ডিপিপি সংশোধন করা হয়। সংশোধিত ডিপিপিতে ১৪ তলা ভবনের ফ্লোরভিত্তিক জায়গার ব্যবহারের তালিকা প্রকাশ করা হয়েছে। মূল ডিপিপিতে পণ্য

প্যাকেজ ছিল ৩টি এবং মোট প্রাক্কলিত ব্যয় ধরা হয় ৮৬৪.৫০ লক্ষ টাকা কিন্তু এডিপিতে এখানে ব্যয় হ্রাস করে মোট ৭.৫৫ লক্ষ টাকা ধরা হয় অপরদিকে পূর্ত কাজের মূল ডিপিপিতে ১টি প্যাকেজে মোট প্রাক্কলিত ব্যয় ধরা হয় ৪২২৩.০০ লক্ষ টাকা। এটি সংশোধিত ডিপিপিতে মোট প্রাক্কলন ধরা হয় ৮৯৩৪.৯৫ লক্ষ টাকা। সেবার ১টি প্যাকেজে ব্যয় ধরা হয় ১৫০.০০ লক্ষ টাকা কিন্তু সংশোধিত মতে এটি ১১৩.০০ লক্ষ টাকা হ্রাস করা হয়।

ডাক বিভাগ সংশ্লিষ্ট কর্মকর্তা দ্বারা এ প্রকল্পের ফিজিবিলিটি স্ট্যাডি করা হয়। প্রকল্পটির কাজ সমাপ্ত হয় জুলাই/২০১৯। গত ১৫/০৭/২০১৯ তারিখে ডাক বিভাগের কর্মকর্তা সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক ভবনটির হ্যান্ড ওভার নেয়া হয়। অজ্ঞাত কারনে এরপর হতে আজ অদ্যাবধি ভবনটি ব্যবহার করা হচ্ছে না। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট হতে জানা যায় যে, ভবনটি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের অপেক্ষায় আছে। উদ্বোধন হওয়ার পর ভবনটি ব্যবহারের জন্য কার্যক্রম গ্রহণ করা হবে। প্রসংগত উল্লেখ্য যে, ভবনটি উদ্বোধনের আগে থার্ডওয়েভ টেকনোলজিস লিমিটেড,বনানী, ঢাকা ব্যবসায়িক প্রতিষ্ঠানকে ভবনের ১২, ১৩ ও ১৪ তলা ভাড়া দেয়া হয়। পরবর্তীতে চুক্তি বাতিল করে উক্ত প্রতিষ্ঠানকে ভবন হতে সরিয়ে ভবনটি খালি করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে, থার্ডওয়েভ টেকনোলজিস লিমিটেড প্রতিষ্ঠান ভবনটি ব্যবহারের জন্য ইন্টেরিয়র ডিজাইন করার নিমিত্ত ভবনের ১২/১৩ তলায় পার্টিশন দেয়াল, সিলিং ও ফ্লোল ভেংগে রেখেছে। এই সমস্ত মেরামত কাজ সম্পাদনের জন্য অনেক টাকার প্রয়োজন হবে। ভবনটি বর্তমানে বন্ধ রয়েছে। এর প্রতি ফ্লোরে ধুল স্তুপ জমে আছে। এই ভবনের একটি আধুনিক অগ্নিনির্বাপক ব্যবস্থা স্থাপন করা হয়েছে কিন্তু ২ বছরেও এই যন্ত্রপাতিসমূহ ব্যবহার করা হয়নি মর্মে মনে হয়। যন্ত্রপাতিসমূহ সচল রাখার জন্য এই সমস্ত যন্ত্রপাতি মাঝে মাঝে ব্যবহার করা প্রয়োজন। ভবনটির ক্ষেত্রে যথেষ্ট নিরাপত্তার ব্যবস্থা দেখা গেলো না। ভবনটির নিরাপত্তার স্বার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এ ধরনের বিনিয়োগ প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য দক্ষ ও অভিজ্ঞ প্রকল্প পরিচালক নিয়োগ একান্ত প্রয়োজন।

১৯. **ক্রয় পর্যালোচনা:** প্রকল্পের ডিপিপিতে মোট ৬টি প্যাকেজ রয়েছে। এ প্রকল্পে ১টি জীপ গাড়ীর সংস্থান ছিল। প্রগতী ইন্ডাস্ট্রিজ লিঃ হতে সরাসরি গাড়ী ক্রয় করা হয়েছে। অন্যান্য প্যাকেজের ক্ষেত্রে পিপিআর ২০০৮ এর অনুসারে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশপূর্বক কমিটির মাধ্যমে কার্যসম্পাদন করা হয়েছে। ক্রয় কার্যসমূহ ইজিপি পদ্ধতীতে সম্পন্ন হয়েছে। মূল ডিপিপিতে পরামর্শক প্যাকেজে ১৫০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছিল। মূল ডিপিপিতে পরামর্শক ব্যয় খাতের জন্য একটি ব্রেক ডাউন কস্ট সংযুক্ত আছে। ইজিপি'র মাধ্যমে জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে Expression of Interset (EOI) আহবান করা হয়। মূল্যায়ন কমিটি গঠন করা হয়। মূল্যায়ন কমিটির সিদ্ধান্ত অনুসারে নেগোসিয়েশন সভায় সবোর্চ্চ কারিগরি নম্বর অর্জনকারী শাহিদুল্লাহ এন্ড এসোসিয়েট এর সাথে সরকারি বিধি অনুযায়ী ভ্যাট ও আইটিসহ ১,১৩,০৯,৪৯০/- (এক কোটি তেরো লক্ষ নয় হাজার চারশত নব্বয়ই) টাকায় চুক্তি সম্পাদনের জন্য নোটিফিকেশন অব অ্যাওয়ার্ড প্রদান করা হয়।

ডিপিপিতে মূল অংশে ভবন নির্মাণের নিমিত্ত প্রাক্কলিত ব্যয় ৪২২৩.০০ লক্ষ টাকা। এ বিষয়ে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় এবং ইজিপি পদ্ধতিতে ক্রয় কার্যক্রম গ্রহণ করা হয়। টেন্ডার ইভেলুয়েশন কমিটির সুপারিশ অনুসারে মোট টাকা ৪১,৪৪,৭৭,৩০৬.৭৬/- (একচল্লিশ কোট চুয়াল্লিশ লক্ষ সাতাত্তর হাজার তিনশত ছয়) টাকা মূল্য কুশলী নির্মাতা লিঃ নামক প্রতিষ্ঠানের অনুকুলে কার্যাদেশ প্রদান করা হয়। পরবর্তীতে সংশোধিত ডিপিপিতে ভবনের ৯ম হতে ১৪তম তলার নির্মাণের ক্ষেত্রে যে ব্যয় প্রাক্কলন ডিপিপিতে সংযুক্ত করা হয়েছে তাতে দেখা যায় PWD রেট শিডিউল-২০১৪ অনুসারে করা হয়েছে। তবে অনেক আইটেম পূর্ত কাজের সাথে সংশ্লিষ্ট নয় সে সমস্ত যন্ত্রপাতি/সরঞ্জামের ক্ষেত্রে মূল্য নির্ধারণের কোন মানদন্ড দেখানো হয়ানি অথবা কি পদ্ধতি মূল্য ধরা হয়েছে তাও উল্লেখ নেই। এই ক্ষেত্রে কারিগরি কমিটি কর্তৃক স্পেসিফিকেশন অনুযায়ী ক্রয় কার্যক্রম করা যুক্তিযুক্ত ছিল। মূল ডিপিপিতে ব্যয় প্রাক্কলন ধরা ছিল ৫৪৭২.০০ লক্ষ টাকা পরবর্তীতে সংশোধিত ডিপিপিতে ব্যয় ধরা হয় ৯১৯০.০০। সে হিসেবে ব্যয় বৃদ্ধির পায় ৩৭১৮.০০ লক্ষ টাকা। জুলাই/২০১৪ হতে জুন/২০১৭ মেয়াদে প্রকল্পটি সময় বৃদ্ধি করে জুলাই/২০১৪ হতে জুন/২০১৯ পর্যন্ত করায় প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে ৬৬.৬% সময় অতিক্রম হয়েছে। মূল ডিপিপি ও সংশোধিত ডিপিপিতে পণ্য ক্রয়ের ক্ষেত্রে ক্রয় প্রক্রিয়ার OTM/RFQ পদ্ধতি উল্লেখ থাকায় ক্রয়ের ক্ষেত্রে অসামাঞ্জস্যতা দেখা যায়। এ ক্ষেত্রে ডিপিপিতে ক্রয় পদ্ধতি স্পষ্টভাবে উল্লেখ্য থাকা যুক্তিযুক্ত ছিল। পূর্ত কাজের বিবরণ:-

প্যাকেজ নং এবং প্রাক্কলিত মূল্য	ডিপিপি অনুযায়ী দরপত্র আহ্বানের তারিখ এবং বাস্তবে দরপত্র আহবানের তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তরিখ	
			চুক্তি অনুযায়ী	প্রকৃত
ডব্লিউ-১ ৪২৯৮.৫৩	১ম পর্যায়-১৬-০৫-২০১৬	৩১-০৮-২০১৬ ৪১৪৪.৭৭	৩০-০৬-২০১৭	৩০-০৬-২০১৯
ডব্লিউ-১ ৫৩৬৯.৪৬	২য় পর্যায়-০৬-০৫-২০১৮	২১-০৬-২০১৮ ৪৯৩০.৪৯	৩১-১২-২০১৮	৩০-০৬-২০১৯
সেবা ১৫০.০০	২২-১২-২০২১৪	১৪-১০-২০১৫ ১১৩.০০	এপ্রিল'২০১৮	এপ্রিল' ২০১৮

২০. **সাইট বহি/পরিদর্শন বহি:** প্রকল্প পরিদর্শনকালে সাইট বহি/পরিদর্শন বহি দেখা যায়নি। প্রকল্পটির সমাপ্তির প্রায় ২ বছর হয়েছে। পূর্ত কাজ চলমান থাকার সময় সাইট বহি/ পরিদর্শন বহি সংরক্ষণ করা হয়েছিল কিনা জানতে চাওয়া হরে সে বিষয়ে কোন স্পষ্ট জবাব পাওয়া যায়নি। সাইট বহি/ পরিদর্শন বহি অনুসরণ করা হলে ভবন নির্মাণ কাজের গুণগত মান বজায় রাখা সম্ভব।

২১. **সয়েলটেস্ট ও মেটেরিয়াল টেস্ট;** শের-ই বাংলা নগরে বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মানের জন্য প্রস্তাবিত হেড কোয়াটার বিল্ডিং নির্মাণ কাজের সয়েল টেস্ট করানো হয়েছে। ভবন নির্মাণ কাজে ব্যবহৃত সিমেন্ট, সিলিন্ডার, স্টিল সিট, বালি ইত্যাদি বুয়েট কর্তৃক পরীক্ষা করা হয়।

২২. **ভবন ব্যবহার না করায় ক্ষতি:** বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ শীর্ষক প্রকল্পটি সমাপ্তি শেষে ভবন নির্মাণ প্রতিষ্ঠান কুশলী নির্মাতা লিঃ এর সিনিয়র প্রজেক্ট ম্যানেজারের নিকট হতে ডাক অধিদপ্তরে কমিটি কর্তৃক গত ১৫/০৭/২০১৯ তারিখে ভবনসহ সকল মালামাল বুঝে নেয়া হয়। এ বিষয়ে একটি হস্তান্তর ডকুমেন্ট সংরক্ষণ করা হয়। কিন্তু ভবনটি ব্যবহার না করার ফলে এই ভবনের পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ সুষ্ঠুভাবে হচ্ছে না। অব্যবহারের ফলে অনেক যন্ত্রপাতি অকেজো/ব্যবহারের উপযোগীতা হারাতে পারে। ফলে মেইনটেনেন্স/ মেরামত ব্যয় বৃদ্ধি পাবে।

২৩. **অগ্নিনির্বাপক ব্যবস্থা:** নির্মিত এই ১৪ তলা ভনে অগ্নিনির্বাপক ব্যবস্থা আছে। তবে প্রায় ২ বছর যাবত এই ভবনটি ব্যবহার না হওয়ার কারনে এই ব্যবস্থাটির বর্তমান অবস্থা কি তা স্পষ্ট হওয়া গেল না। সুবিধাজনক সময়ে এই অগ্নিনির্বাপক ব্যবস্থাটি পরীক্ষা করা প্রয়োজন। অগ্নিনির্বাপকের জন্য পানি সরবাহের ব্যবস্থাটিও দ্রুত পরীক্ষা করে সচল রাখা প্রয়োজন।

২৪. **ঝুঁকি/ সমস্যা:** বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ শীর্ষক প্রকল্পটির জুন ২০১৯ সালে সমাপ্ত হয়। প্রায় ১ বছর ৯ মাস অতিবাহিত হলেও ভবনটি ব্যবহার শুরু হয়নি। ভবনটি অব্যবহৃত অবস্থায় থাকার কারন জানতে চাওয়া হলে প্রকল্প কর্মকর্তা জানান যে, ভবনটি উদ্বোধন করা হয়নি বিধায় এখনো কার্যক্রম শুরু করা যায়নি। এ বিষয়ে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ হতে ভবনটি উদ্বোধনের সম্মতি চেয়ে সার-সংক্ষেপ প্রধানমন্ত্রীর কার্যলয়ে প্রেরণ করা হয়। কিন্তু এ বিষয়ে কোন নির্দেশনা/তারিখ না পাওয়া এখনও কিছু করা হয়নি। ভবনটি উদ্বোধনপূর্বক ব্যবহারের ব্যবস্থা নেয়ার জন্য ডাক বিভাগ কর্তৃক দ্রুত জোর উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। থার্ডওয়েভ টেকনোলজিস লিমিটেড প্রতিষ্ঠানকে ভবনের ১২, ১৩ ও ১৪ তলা মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে ভাড়া দেয়া হয়েছিল পরবর্তীতে ভাড়াচুক্তি বাতিল করে উক্ত প্রতিষ্ঠানকে ঐ ভবন হতে সরানো হয়। তবে সরেজমিনে পরিদর্শনে দেখা যায় যে, উক্ত প্রতিষ্ঠান তাদের নিজস্ব ডিজাইন অনুসারে ডেকোরেশন করেছিল। কিন্তু বিভিন্ন স্থানে ফ্লোর ও সিলিং অংশ ভাংগা অবস্থায় দেখা গেল। এগুলো মেরামত করে ফ্লোর ২টি ব্যবহার উপযোগী করতে আলাদা অর্থ ব্যয়ের সংশ্লিষ্টতা রয়েছে। সংশোধিত ফ্লোর বিন্যাস অনসুারে ২ ফ্লোরে মিউজিয়াম ও লাইব্রেরী করার জায়গা নির্ধারন করা আছে। পরিদর্শনকালে একটি সুসজ্জিত লাইব্রেরী দেখা গেল। কিন্তু তার পাশে মিউজিয়ামটি অসম্পূর্ণ অবস্থায় রয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাছে থেকে জানা গেল যে, ঠিকাদার প্রতিষ্ঠানকে এই কাজের বিবরীতে বিল পরিশোধ করা হয়নি বিধায় কাজ অসমাপ্ত রেখেছেন। ঠিকাদার প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানে প্রক্রিয়াগত ত্রুটি ছিল মর্মেও জানা যায়। বর্তমানে এই মিউজিয়ামটির বাকী কাজ সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

২৫. **টিওএন্ডই ভুক্তকরণ:** প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতি ও অন্যান্য ইক্যুইপমেন্ট ডাক অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভূক্ত করা প্রয়োজন। এই প্রকল্পের আওতায় ক্রয়কৃত একটি পাজারো গাড়ীটি (ঢাকা মেন্ট্র: ঘ-১৫-০৯৩০) ডাক অধিদপ্তরে হস্তান্তর করা হয়েছে। কিন্তু গাড়ীটি সরকারি যানবাহন কেন্দ্রীয় পরিবহন পুলে জমা দেয়া হয়নি। জনপ্রশাসন মন্ত্রণালয়য়ের ৮ জানুয়ারি/২০০৬ তারিখের পরিপত্র অনুসারে সমাপ্ত প্রকল্পের যানবাহন পরিবহন পুলে যথাসময়ে জমা দানের বাধ্যবাধকতা রয়েছে। গাড়ীটি পরিবহন পুলে জমা দেয়ার ব্যবস্থা নেয়া প্রয়োজন।

২৬. অডিট সংক্রান্ত তথ্য:

সময়	অডিট প্রতিবেদন দাখিলের সময়	অডিট আপত্তি	আপত্তির পরিপ্রেক্ষিতে জবাব
২০১৪-২০১৫	২০১৫ সাল	১। আউটসোর্সিং জনবলের বেতন অনিয়মতান্ত্রিকভাবে ৩৬,৩২৭/- টাকা প্রদান। ২। অনিয়মতান্ত্রিকভাবে মূলধন খাত হতে ভূমি উন্নয়ন সংক্রান্ত কাজ ২,৪৮,০০০/- টাকা ব্যয়। ৩। নির্মাণ সাইটে সাইনবোর্ড স্থাপনে অনিয়ম ৭৮,৮০০/- টাকা।	আপত্তিসমূহের নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হয়েছে। নিষ্পত্তি প্রক্রিয়াধীন।
২০১৫-২০১৬	২০১৬ সাল (০৭/০৮/২০১৬)	civgk©ক প্রতিষ্ঠানের বিল হতে কর্তনকৃত ভ্যাট ও আয়কর সরকারি কোষাগারে জমা প্রদান না করা সংক্রান্ত ৪,০৬,৯৭৩/- টাকা।	জবাব ও প্রমানকের ভিত্তিতে আপত্তি নিষ্পত্তি প্রক্রিয়াধীন।
২০১৭-২০১৮	২০১৯ সাল (৩০/০৬/২০১৯)	১। অগ্রিম প্রদান সমন্বয় সংক্রান্ত ২। ঠিকাদারকে পরিশোধিত অগ্রিম বিল হতে ভ্যাট ও আয়কর বাবদ কর্তনকৃত টাকা জমা না দেয়ায় তার দন্ড সুদ আদায় সংক্রান্ত	আপত্তিসমূহের নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হয়েছে। নিষ্পত্তি প্রক্রিয়াধীন।
২০১৮-২০১৯	২০২০ সাল (০৮/০৯/২০২০)	১। বাজেট বরাদ্দের তুলনায় অনিয়মতান্ত্রিকভাবে নির্মাণ খাতে অতিরিক্ত ব্যয় ৫,০১,৮৪,৯৯৭/- টাকা ২। ভ্যাট ও আয়কর কর্তনের ট্রেজারি চালান উপস্থাপন না করা প্রসঙ্গে ২,৬৯,৪২,৩৫৬/- টাকা। ৩। সম্মানী ভাতা হতে আয়কর কর্তন না করা প্রসঙ্গে ১১,৪০০/- টাকা।	আপত্তিসমূহের নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হয়েছে। নিষ্পত্তি প্রক্রিয়াধীন।

২৭. আইএমইডি কর্তৃক পরিবীক্ষণ সংক্রান্ত:

ক্র:	পরিদর্শনের তারিখ	কর্মকর্তার নাম ও পদবি
১	২৬-০৭-২০১৬	মোঃ সাইফুর রহমান, সহকারী পরিচালক
২	২৩-০৪-২০১৭	আব্দুল-আল মাসুদ, সহকারী পরিচালক
৩	২৮-০৩-২০১৮	মোহাম্মদ এনামুল হক, উপ-পরিচালক
৪	০৭-০৮-২০১৮	মোহাম্মদ এনামুল হক, উপ-পরিচালক

২৮.মন্ত্রণালয় কর্তৃক পরিবীক্ষণ সংক্রান্ত:

ক্র:	পরিদশনের তারিখ	প্রণীত প্রতিবেদনের সুপারিশসমূহ	গৃহীত ব্যবস্থা
১	২০-০৪-২০১৯	নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে, আরএডিপি বরাদ্দের শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে এবং কাজের গুনগতমান নিশ্চিত করতে হবে।	নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা হয়েছে, আরএডিপি বরাদ্দের শতভাগ ব্যয় নিশ্চিত করা হয়েছিল এবং কাজের গুনগতমান নিশ্চিত করা হয়েছিল।

২৯. পিআইসি কমিটি সভা সংক্রান্ত:

ক্র:	অর্থবছর	ডিপিপি অনুসারে সভার সংখ্যা	অর্জিত সভা	মন্তব্য
১	২০১৪-২০১৫	৬	১	ডিপিপিতে উল্লেখ্য ToR অনুসারে প্রকল্প বাস্তবায়নের সময়কালীন ২২টি সভা করা হয়নি। প্রকল্প বাস্তবায়নের স্বার্থে নিয়মিত সভা করা আবশ্যক ছিল।
২	২০১৫-২০১৬	৬	১	
৩	২০১৬-২০১৭	৬	২	
৪	২০১৭-২০১৮	৬	২	
৫	২০১৮-২০১৯	৬	২	
মোট:		৩০	৮	

২৯.১. স্টিয়ারিং কমিটি সভা সংক্রান্ত:

ক্র:	অর্থবছর	ডিপিপি অনুসারে সভার সংখ্যা	অর্জিত সভা	মন্তব্য
১	২০১৪-২০১৫	৪	৩	ডিপিপিতে উল্লেখ্য ToR অনুসারে প্রকল্প বাস্তবায়নের সময়কালীন ৭টি সভা অনুষ্ঠিত হয়নি। প্রকল্প বাস্তবায়নের স্বার্থে নিয়মিত সভা করা আবশ্যক ছিল।
২	২০১৫-২০১৬	৪	২	
৩	২০১৬-২০১৭	৪	২	
৪	২০১৭-২০১৮	৪	৪	
৫	২০১৮-২০১৯	৪	২	
মোট:		২০	১৩	

সর্বশেষ স্টিয়ারিং কমিটির সভা সংক্রান্ত:

সভার তারিখ	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১৮-০৬-২০১৯	১.১ আন্ত:খাত সমন্বয়ের অনুমোদনপত্র মোতাবেক আইবাস++ এন্ট্রি সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ১.২ অর্থ মন্ত্রণালয়ের গাইড লাইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে আরএডিপির বরাদ্দের অর্থ ব্যয় সম্পন্ন করতে হবে এবং গুণগত মান অক্ষুন্ন রেখে নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে। ১.৩ ভবন নির্মাণ সমাপ্ত করার ক্ষেত্রে অগ্নি নির্বাপক ব্যবস্থা ও আনুষঙ্গিক Safety measure নেয়া হয়েছে কিনা তা যাচাই করে দেখতে হবে। ১.৪ এয়ারকুলার স্থাপনের ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যে, এসিসমূহ কোনো কারণে বন্ধ থাকলে ভবনে প্রাকৃতিক বায়ু চলাচলের ব্যবস্থা যেন থাকে। ১.৫ প্রকল্প সমাপ্ত হওয়ার ৩ মাসের মধ্যে অবশ্যই PCR (Project Completion Report) প্রদান করতে হবে।	১.১ আন্ত:খাত সমন্বয়ের অনুমোদনপত্র মোতাবেক আইবাস++ এন্ট্রি সংশোধনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল। ১.২ অর্থ মন্ত্রণালয়ের গাইড লাইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে আরএডিপির বরাদ্দের অর্থ ব্যয় সম্পন্ন করতে হবে এবং গুণগত মান অক্ষুন্ন রেখে নির্মাণ কাজ সমাপ্ত করা হয়েছে। ১.৩ ভবন নির্মাণ সমাপ্ত করার ক্ষেত্রে অগ্নি নির্বাপক ব্যবস্থা ও আনুষঙ্গিক Safety measure নেয়া হয়েছে কিনা তা যাচাই করা হয়েছে। ১.৪ এয়ারকুলার স্থাপনের ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যে, এসিসমূহ কোনো কারণে বন্ধ থাকলে ভবনে প্রাকৃতিক বায়ু চলাচলের ব্যবস্থা করা হয়েছে। ১.৫ প্রকল্প সমাপ্ত হওয়ার পর যথাসময়ে PCR (Project Completion Report) প্রদান করা হয়েছে।

৩০. যানবাহন সম্পর্কিত তথ্য:

যানবাহনের নাম	সংখ্যা	ক্রয়ের তারিখ	পরিবহন পুলে হস্তান্তর হলে তারিখ	পরিবহন পুলে হস্তান্তর না হলে বত©মান অবস্থার বিস্তাতির বিবরণ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
Jeep	**০১**	**২৯.০৬.২০১৫**	পরিবহন পুলে জমা দেয়া হয়নি।	ডাক বিভাগের আওতায় ব্যবহৃতি হচ্ছে।	প্রকল্প পরিচালক কর্তৃক গাড়ীটি গত ২৫/০৬/২০১৯ তারিখে ডাক বিভাগে হস্তান্তর করা হয়।

৩১. প্রকল্প পরিদর্শনের স্থির চিত্র:

<table>
<tr>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td></td>
<td>
</td>
</tr>
</table>

৩২. **মন্তব্য/সুপারিশ:**

৩২.১। বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ সমাপ্ত প্রকল্পের আওতায় নির্মিত আগারগাঁওস্থ ভবনটি দীর্ঘ ১ বছর ৯মাস অব্যবহৃত অবস্থায় রয়েছে। যা অনভিপ্রেত। ডাক অধিদপ্তর এই ভবন ব্যবহারের নিমিত্ত দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এ বিষয়ে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের দৃষ্টি আকর্ষণ করা হল।

৩২.২। প্রকল্পটির বিপরীতে ২০১৪-১৫ হতে ২০১৮-২০১৯ অর্থবছর পর্যন্ত উত্থাপিত অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থার গ্রহণ করে আইএমইডিকে অবহিত করতে হবে। এ বিষয়ে প্রকল্প পরিচালক ও প্রশাসনিক মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হল।

৩২.৩। সমাপ্ত এই প্রকল্পের আওতায় সংগৃহীত আসবাবপত্র, ইক্যুইপমেন্ট, কম্পিউটার, ফটোকপি মেশিন, স্ক্যানিং মেশিন, সিসি টিভি, জেনারেটর ইত্যাদি হিসাব রাখার নিমিত্ত একটি সম্পদ রেজিস্টার সংরক্ষণ করতে হবে। এবং এক কপি ডাক অধিদপ্তরের প্রশাসন শাখায় সংরক্ষণ করতে হবে।

৩২.৪। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৮ জানুয়ারি/২০০৬ তারিখের পরিপত্র অনুযায়ী সমাপ্ত প্রকল্পের ক্রয়কৃত জীপ গাড়ীটি কেন্দ্রীয় পরিবহন পুলে জমা প্রদান করতে হবে। পরিবহন পুলে এখনও জমা দান না করার কারন কি তা আইএমইডিকে অবহিত করতে হবে।

৩২.৫। নির্মিত ভবনটির মূল্যবান জিনিসপত্র সংরক্ষনের স্বার্থে নিরাপত্তা জোরদার করার ব্যবস্থা নিতে হবে। ভবনের ২য় তলায় অবস্থিত মিউজিয়ামটির কাজ সম্পূর্ণ করার ব্যবস্থা নিতে হবে। কার্যাদেশ প্রদানের প্রক্রিয়াগত ত্রুটি থাকলে সে বিষয়ে দোষী ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩২.৬। উপযুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/ সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ৩০ দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করতে হবে।

বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : ডিসেম্বর ২০১৮)

প্রকল্পের নামঃ বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ প্রকল্প

১। প্রকল্পের অবস্থান: ক। টেলিকম স্টাফ কলেজ, জয়দেবপুর, গাজীপুর।

খ। বেতবুনিয়া ভূ- উপগ্রহ কেন্দ্র, বেতবুনিয়া, রাঙ্গামাটি।

স্পেসঃ ১১৯১.°পূর্ব দ্রাঘিমাংশ

২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়বিভাগ/ : ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়/ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকা)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (ডিসেম্বর ২০১৮ পর্যন্ত)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	*(২)*	*(৩)*	*(৪)*	*(৫)*	*(৬)*	*(৭)*	*(৮)*
২৯৬,৭৯৫.৭৭	২৭৬,৫৬৬.২৫	২৫৭,৫৬৩.০০	০১/০৭/২০১৪-৩০/০৬/২০১৭	০১/০৭/২০১৪-৩০/০৬/২০১৮	০১/০৭/২০১৪-৩১/১২/২০১৮	(-) ১৩.২১%	৫০.০০%

৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন :

(লক্ষ টাকা)

ক্রমিক নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন)ডিসেম্বর ,২০১৮পর্যন্ত(	
			বাস্তব	আর্থিক	বাস্তব(%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
(ক) রাজস্ব**:**						
০১	কর্মকর্তাদের বেতন	জন	১৭	৭০.০০	**১১**	১৫.৫৭
০২	কর্মচারীদের বেতন	জন	৫	২৫.০০	**৫**	২৩.৭২
০৩	ভাতাদি	জন	২৮	৯০.০০	**১৬**	২৩.৩০
০৪	ভ্রমন ব্যয়	লট	লট	১,০০০.০০	লট	৬২৪.৪৯
০৫	ওভারটাইম	লট	লট	৫.০০	লট	২.১৬
০৬	রেন্ট ইকুইপমেন্ট	সং	৪	৪৫,১৩৮.৭১	৪	৪৫,১৩৬.৭৮
০৭	স্যাটেলাইট ফ্রিকুইন্সি	লট	লট	৬,০০০.০০	লট	৮২৭.০৬
০৮	অন্যান্য ট্যাক্স	লট	লট	৯,০০০.০০	লট	৬,৯৩৫.৫২
০৯	ডাক	লট	লট	৩.০০	লট	-
১০	টেলিফোন	লট	লট	২.৪০	লট	-
১১	টেলেক্স/ফ্যাক্স/ইন্টারনেট	লট	লট	৬.০০	লট	১.৪৫
১২	রেজিস্ট্রেশন ফি	লট	লট	৫.০০	লট	২.৪৯
১৩	বিদ্যুৎ	লট	লট	১২.০০	লট	১০.৫৪
১৪	ফুয়েল এবং গ্যাস	লট	লট	৩০.০০	লট	৬.৩৯
১৫	ইন্সুরেন্স/ব্যাংক চার্জ	লট	লট	৩০,৭৩৭.৪২	লট	২৯,৭৩৩.৪২
১৬	স্টেশনারি, সিল এবং স্ট্যাম্পস	লট	লট	৩.০০	লট	১.৯৬
১৭	বই এবং সাময়িকী	লট	লট	২.০০	লট	-
১৮	অডিও, ভিডিও/চলচ্চিত্র নির্মাণ	লট	লট	৫০.০০	লট	৪৬.৭৯
১৯	বিজ্ঞাপন এবং প্রচার	লট	লট	১,০০০.০০	লট	৮৮৮.৩৭
২০	প্রশিক্ষন ব্যয়	লট	লট	৮০০.০০	লট	৩৫৮.২৩
২১	সেমিনার, কনফারেন্স ব্যয়	লট	লট	৩০.০০	লট	৪.৬৫

ক্রমিক নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন)ডিসেম্বর ,২০১৮পর্যন্ত(	
			বাস্তব	আর্থিক	বাস্তব(%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
২২	আপ্যায়ন ব্যয়	লট	লট	১৫.০০	লট	১৪.৭৮
২৩	কনসালটেন্সি	এমএ	২৫৫	১২৫.০০	২৫৫	১১৭.৯২
২৪	নিরাপত্তা প্রহরী	লট	লট	১৪৮.৯১	লট	৩৩.২৫
২৫	লিগ্যাল এক্সপেন্স	লট	লট	১৩০.০০	লট	৫৯.৯৮
২৬	সম্মানী	লট	লট	১৫.০০	লট	১২.৭৫
২৭	কম্পিউটার কনজুমাবল্স	লট	লট	২.৫০	লট	০.২৩
২৮	অনুষ্ঠান/উৎসবাদী	লট	লট	৪৩০.০০	লট	২৭৬.৪৮
২৯	অন্যান্য ব্যয়	লট	লট	২,০৬৯.১৪	লট	১,৮৮৮.৬৯
৩০	মটর ভেহিকেল	লট	লট	১০.০০	লট	০.৭৬
৩১	কম্পিউটার ও অফিস সরঞ্জাম	লট	লট	৫.০০	লট	০.৩৯
৩২	ওভারড্রাফট কারেন্ট (ওডি কারেন্ট)	লট	লট	২,২৪৯.৬৫	লট	২,২৪৯.৬৫
৩৩	বৈদেশিক ঋণের উপর সুদ	লট	লট	৩৯০.০০	লট	-
৩৪	বেতন বাবদ সহায়তা	লট	লট	৬.৭০	লট	৬.৭০
৩৫	আন্তর্জাতিক সংস্থার চাঁদা	লট	লট	১০০.০০	লট	-
৩৬	মাল খালাস ও সরানো খরচ	লট	লট	৫০০.০০	লট	৪৭.১৯
৩৭	রাজস্ব ব্যয় (OPEX)	লট	লট	২১,১০২.৩৭	লট	১৯,৫৪২.০২
	উপমোট (রাজস্ব)			১২১,৩০৮.৮০		১০৮৮৯৩.৬৮
(খ) মূলধন:						
৩৮	মটর ভেহিকেল	সং	২	১১৩.০০	২	১১১.৭১
৩৯	কম্পিউটার এবং যন্ত্রাংশ	লট	লট	১৬.৮৫	লট	৭.৫২
৪০	কম্পিউটার সফ্টওয়্যার	লট	লট	৬.০০	লট	১.৫৪
৪১	অফিস ইকুইপমেন্ট	লট	লট	৮.০০	লট	৪.৬১
৪২	ফার্নিচার এবং ফিকচার	লট	লট	৪.০০	লট	০.৬৭
৪৩	টেলিকমিউনিকেশন ইকুইপমেন্ট	লট	লট	১২৮,০৭৩.১৯	লট	১২৬,৫১২.৮৪
৪৪	অন্যান্য	লট	লট	১,২০০.০০	লট	০.৯১
৪৫	ভূমি অধিগ্রহণ/ক্রয়	লট	লট	১,৮০০.০০	লট	১,৮০০.০০
৪৬	নির্মান ও পূর্ত কাজ	লট	লট	২০,৩১৬.৪১	লট	১৭,১৯৫.৭১
৪৭	বৈদ্যুতিক স্থাপনা	লট	লট	১০০.০০	লট	৬৯.৪৯
৪৮	টেলিগ্রাফ ও টেলিফোন	লট	লট	১০০.০০	লট	১.১১
৪৯	সিটি কর্পোরেশন	লট	লট	২০.০০	লট	৫.৭৫
৫০	সিডি/ভ্যাট	লট	লট	৩,০০০.০০	লট	২,৯৫৬.৯৪
৫১	বিবিধ মূলধন ব্যয়	লট	লট	৫০০.০০	লট	০.৫০
	উপমোট (মূলধন)			১৫৫,২৫৭.৪৫		১৪৮৬৬৯.৩০
	(গ) ফিজিক্যালকনটিনজেন্সি			-		-
	(ঘ) পাইসকনটিনজেন্সি			-		-
	সর্বমোট (ক+খ+গ+ঘ)			২৭৬,৫৬৬.২৫		২৫৭,৫৬৩.০০

৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রকল্পের কাজ সমাপ্ত।তবে ইন্দোনেশিয়ায় একটি CMS স্থাপনের করার কথা ছিল। সেটা করা যায়নি। প্রকল্প পরিদর্শনকালে পিডি জানায় পরবর্তিতে তা স্থাপন করা হয়েছে। এখনো প্রমাণক পাওয়া যায়নি।

৭।পটভূমিঃ

বিশ্বের উন্নত ও উন্নয়নশীল দেশগুলোর অধিকাংশই নিজস্ব স্যাটেলাইট উৎক্ষেপণের মাধ্যমে টেলিকমিউনিকেশন, ব্রডকাস্টিং, মেটোরিওলোজি, প্রতিরক্ষা, টেলিমেডিসিন এবং গবেষনা ইত্যাদি কার্যক্রমে ব্যাপক পরিবর্তন এনেছে। কিন্তু বিশ্বের সবচেয়ে ঘন জনবসতিপূর্ণ দেশ বাংলাদেশের নিজস্ব কোন স্যাটেলাইট নেই। এরই ফলে দেশের স্যাটেলাইট টিভি অপারেটরগণ বিদেশের বিভিন্ন স্যাটেলাইট অপারেটরদের কাছ থেকে ব্যান্ডউইথ ভাড়া করে ব্রডবাস্টিং এবং কমিউনিকেশন্স চাহিদা পূরণ করছে। এতে প্রতিবছর প্রচুর বৈদেশিক মুদ্রা ব্যয় হচ্ছে। দেখা যায় যে, শুধুমাত্র ব্রডকাস্টিং এর জন্য বছরে প্রায় ১৪ মিলিয়ন ইউএস ডলার (প্রায় ১১০.০০ কোটি টাকা) ব্যয় হচ্ছে। ব্রডকাস্টিং ও টেলিকমিউনিকেশ এর চাহিদা প্রতিবছর

উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাওয়ায় এই ব্যয় ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। এছাড়া, এভাবে ভাড়ায় বিদেশ হতে সীমাবদ্ধ ব্যান্ডউইথ ক্রয় করে দেশের ক্রমবর্ধমান চাহিদা পূরণ করা সম্ভব হবে না। এরই ফলে বাংলাদেশের জন্য একটি নিজস্ব স্যাটেলাইট উৎক্ষেপণ প্রয়োজন হয়ে পড়ে। এ প্রেক্ষিতে আইসিটি পলিসি, ২০০৯-তে বিটিআরসি-কে স্যাটেলাইট উৎক্ষেপণের দায়িত্ব দেয়া হয়। সে অনুযায়ী প্রস্তাবিত বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণের প্রাথমিক পদক্ষেপ হিসেবে বিটিআরসি "Preparatory Functions and Supervision in Launching a Communication and Braodcasting Satellite" শীর্ষক প্রকল্পের আওতায় আন্তর্জাতিক পরামর্শক নিয়োগ করে। পরামর্শক প্রতিষ্ঠান প্রস্তাবিত বঙ্গবন্ধু স্যাটেলাইটটির প্রাথমিক ডিজাইন, সম্ভাব্য ব্যয়, বাজার সমীক্ষা, গ্রাহক সংখ্যা, স্যাটেলাইট পরিচালনার জন্য কোম্পানীর রুপরেখা ইত্যাদি সম্পন্ন করে। উৎক্ষেপিতব্য স্যাটেলাইটটিতে মোট ৪০টি ট্রান্সপন্ডারের মধ্যে বাংলাদেশের ক্রমবর্ধমান চাহিদা মেটানোর জন্য ৫০% ক্যাপাসিটি রাখা হয়েছে। অবশিষ্ট ৫০% ক্যাপাসিটি দেশের বাহিরে কভারেজভুক্ত দেশসমূহে বাজারজাত করে বৈদেশিক মুদ্রা আয় করা হবে। মূল স্যাটেলাইট প্রস্তুত করণ, উৎক্ষেপণ ও উৎক্ষেপন পরবর্তী পরিচালনা ও রক্ষণাবেক্ষণের উদ্দেশ্যে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৮। উদ্দেশ্যঃ

(ক) বাংলাদেশের জন্য সর্বপ্রথম কমিউনিকেশন এবং ব্রডকাস্টিং স্যাটেলাইট উৎক্ষেপন।

(খ) গ্রাম পর্যায় পর্যন্ত ব্রডকাস্টিং ও টেলিযোগাযোগ (ব্রডব্যান্ডসহ) সেবা প্রদান করে ডিজিটাল ডিভাইড কমিয়ে আনা।

(গ) সারা দেশে প্রতিশ্রুতিশীল লাভজনক নতুন সেবা যেমন- Direct to Home (DTH) ব্রডকাস্টিং চালুকরণ।

(ঘ) দেশে বিদ্যমান Terrestrial Backbone Network এর সমান্তরাল এবং ব্যাক-আপ হিসেবে স্যাটেলাইট কমিউনিকেশন সিস্টেম এর ব্যবহার।

(ঙ) বানিজ্যিক বাজার এবং আন্তর্জাতিক লীজের মাধ্যমে বৈদেশিক মুদ্রা উপার্জনে সুযোগ সৃষ্টি করা।

(চ) দেশের টিভি চ্যানেলগুলো ব্রডকাস্টিং এর জন্য আন্তর্জাতিক ব্যান্ডউইথ ক্রয়ে বৈদেশিক মুদ্রা ব্যয় হ্রাসকরণ।

(ছ) স্যাটেলাইট রক্ষণাবেক্ষণ ও পরিচালনার জন্য একটি নতুন কোম্পানী তৈরি এবং

(জ) নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও তথ্য প্রযুক্তি নির্ভর ব্যবসার পরিধি বৃদ্ধি।

৯। প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ

প্রকল্প অনুমোদনঃ ১৬/০৯/২০১৪

সর্বশেষ সংশোধনঃ ১৯/০২/২০১৮

ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধিঃ ২৭/০৬/২০৮

১০। ক্রয় কার্যক্রমঃ

প্যাকেজ	পণ্য	কার্য	সেবা	মোট
GD1	Orbital Slot Lease/ Purchase			০৭টি
GD2	a. Spacecraft Procurement b. Primary & Backup Ground Segment Procurement (TT&C, NOCC, SOCC) c. Insurance (Launch+In-Orbit)			
GD3	Computers and Accessories Purchase			
GD4	Office Furniture Purchase			
GD5	Computer Software Purchase			
GD6	Office Equipment Purchase			
GD7	Vehicle Purchase			

প্যাকেজ	পণ্য	কার্য	সেবা	মোট
	(1xPajero Jip, 1xMicrobus)			
WRK1		a.2xSite development (5 acres each), earth work, approach road, boundary wall & fencing, civil construction of three storied building having each floor 10000 sq ft on an avg, dormitory and resthouse for each stations, antenna mast construction, etc: 6000 lakh taka. b.Electricity, gas, water supply, central AC, 1MW power substation for each site with uninterrupted power supply with minimum 20 min backup: 1500 lakh taka. c.High capacity fiber optic connectivity,software, LAN/WAN, traffic interconnection, HVAC, misc equipment, etc: 500 lakh taka		১টি
SER1			Launch Service Procurement	০৬টি
SER2			Consulultant (Civil)	
SER3			Junior Consulultant	
SER4			Outsourcing of Project Manpower	
SER5			Procurement of Event Management Firm for organizing Nationwide Celebration activities of Successful Launching of Bangabandhu Satellite-1.	
SER6			Procurement of Event Management Firm for arranging a program to celebrate the successful Launch of Bangabandhu Satellite-1.	

প্যাকেজ	পণ্য	কার্য	সেবা	মোট
মোট				১৪টি

১১। প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ

(লক্ষ টাকায়)

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ			অবমুক্তি	ব্যয়			অব্যয়িত অর্থ
	মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা	প্রঃ সাঃ	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
২০১৪-২০১৫	৪,৫০০.০০	৪,৫০০.০০	-	৪,৫০০.০০	৪,৪১৯.৮০	৪,৪১৯.৮০	-	৮০.২০
২০১৫-২০১৬	৭৫,১৭৮.৬৭	৪২,০৫০.০০	৩৩,১২৮.৬৭	৪২,০৫০.০০	৭৪,৫০০.৩৬	৪১,৩৭১.৬৯	৩৩,১২৮.৬৭	৬৭৮.৩১
২০১৬-২০১৭	১৪০,৩৭৭.৭১	৪৭,১৪৩.০০	৯৩,২৩৪.৭১	৪৭,১৪৩.০০	১৩৬,৩৩৭.৭৩	৪৩,১০৩.০২	৯৩,২৩৪.৭১	৪০৩৯.৯৮
২০১৭-২০১৮	৮০,৯৫৩.২৯	৫১,৮০০.০০	২৯,৭৪৮.৮১	৫১,৮০০.০০	৫৫,৮৩০.৫৩	২৬,০৮১.৭২	২৯,৭৪৮.৮১	২৫৭১৮.২৮
২০১৮-২০১৯	৩২৮,৮৯৩.৮৯	**১৬,৯২৭.৩২**	১০,৩৬১.৩৮	**১৬,৯২৭.৩২**	২৯০,৮৫৪.০৩	**৯,৪০৪.২৩**	১০,৩৬১.৩৮	৭৫২৩.০৯
মোট	৬২৯৯০৩.৫৬	২,৪২০.৩২	২৫৯,৪৭২.৭৬	১৬২,৪২০.৩২	৫৬১,৯৪২.৪৫	১২৪,৩৮০.৪৬	১৬৬,৪৭৩.৫৭	৩৮০৩৯.৮৬

১২। উপকারভোগীদের মতামতঃ

সংশ্লিষ্ট স্যাটেলাইট কোম্পানিতে কর্মরত কর্মকর্তারা,অভিজ্ঞ টেকনিশিয়ান ও ব্যক্তির সাথে আলাপকালে তারা জানান, গ্রামাঞ্চল পর্যন্ত ব্রডব্যান্ডসহ সম্প্রচার ও টেলিযোগাযোগ সেবা প্রদান করায় বঙ্গবন্ধু স্যাটেলাইট -১ ডিজিটাল বিভাজন কমানোতে বিরাট ভুমিকা রাখবে। দেশের পাবলিক এবং প্রাইভেট ব্রডকাস্টিং টিভি চ্যানেলগুলি বর্তমানে এ স্যাটেলাইট ব্যবহার করে তাদের সেবা প্রদান করছে, যা সফল প্রকল্প বাস্তবায়নেরই একটি উদাহারন। একই সময়ে ইতিমধ্যেই বঙ্গবন্ধু স্যাটেলাইট -১ সরকারি ও বেসরকারি ব্যাংককে ভিস্যাট নেটওয়ার্ক প্রদানের মাধ্যমে টেলিযোগাযোগ সেবা প্রদানে ব্যস্ত। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে প্রদত্ত ই-মেডিসিন, ই-লার্নিং এবং ই-এডুকেশন সহ সম্প্রচার এবং টেলিযোগাযোগ সেবা প্রদান লক্ষে এগিয়ে যাওয়াকে প্রতিফলিত করে। যার মধ্যে আছে ব্রডব্যান্ড বাংলাদেশের অভ্যন্তরে এবং বঙ্গোপসাগরের ৩০০ মাইল পর্যন্ত ব্রডব্যান্ড সেবা প্রদান।তবে স্যাটেলাইটের পূর্ণ ক্ষমতা ব্যবহারের ও ব্যবসায়িক ক্ষেত্র বাড়ানোর উদ্যোগ নিতে হবে। দেশ বিদেশে এ সেক্টরে মেধাবী লোকের চাহিদা থাকায় স্যাটেলাইট কোম্পানিতে মেধাবী প্রকৌশলীদের ধরে রাখতে উপযুক্ত আর্থিক সুবিধার ব্যবস্থা করতে হবে।

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ
জনাব মোঃ গোলাল রাজ্জাক, পরিচালক, বিটিআরসি	√	×	১৩/০৫/২০১৫	০৮/০৫/২০১৭
প্রকৌঃ মোঃ মেজবাহুজ্জামান, মহাপরিচালক, বিটিআরসি	√	×	০৮/০৫/২০১৭	৩১/১২/২০১৮

১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
বাংলাদেশের জন্য সর্বপ্রথম কমিউনিকেশন এবং ব্রডকাস্টিং স্যাটেলাইট উৎক্ষেপন।	এই প্রকল্পের মূল উদ্দেশ্য হল মহাকাশে দেশের প্রথম কমিউনিকেশন এবং ব্রডকাস্টিংস্যাটেলাইট উৎক্ষেপন। গত ১১মে, ২০১৮ (ইউএস টাইম)-এ বঙ্গবন্ধু স্যাটেলটি -১ এর উৎক্ষেপণের মাধ্যমে এই উদ্দেশ্য শতভাগ পূরণ হয়েছে।
গ্রাম পর্যায় পর্যন্ত ব্রডকাস্টিং ও টেলিযোগাযোগ (ব্রডব্যান্ডসহ) সেবা	এই প্রকল্পের অন্যতম প্রধান উদ্দেশ্য ছিল বঙ্গবন্ধু স্যাটেলাইট -১ ব্যবহার করে গ্রামাঞ্চল পর্যন্ত ব্রডব্যান্ডসহ সম্প্রচার ও টেলিযোগাযোগ সেবা প্রদান করে ডিজিটাল

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
প্রদান করে ডিজিটাল ডিভাইড কমিয়ে আনা।	বিভাজন কমানো। বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ প্রকল্পের সকল কার্যক্রম নবগঠিত বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেডের (বিএসসিএল) হাতে মাননীয় মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বিটিআরসি এবং বিএসসিএল এর অন্যান্য উচ্চপদস্থ কর্মকর্তাদের উপস্থিতিতে ০৯/১১/২০১৮, বিএসসিএল এখন দেশের পাবলিক এবং প্রাইভেট ব্রডকাস্টিং টিভি চ্যানেলগুলি পরিবেশন করার জন্য তার কার্যক্রম শুরু করেছে। একই সময়ে বিসিএসসিএল ইতিমধ্যেই সরকারি ও বেসরকারি ব্যাংককে ভিস্যাট নেটওয়ার্ক প্রদানের মাধ্যমে টেলিযোগাযোগ সেবা প্রদানে ব্যস্ত। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে প্রদত্ত ই-মেডিসিন, ই-লার্নিং এবং ই-এডুকেশন সহ এই কার্যকলাপ ডিজিটাল বিভাজনকে সম্প্রচার এবং টেলিযোগাযোগ সেবা প্রদানের উপায়কে প্রতিফলিত করে, যার মধ্যে ব্রডব্যান্ড বাংলাদেশের অভ্যন্তরে এবং বঙ্গোপসাগরের ৩০০ মাইল পর্যন্ত ব্রডব্যান্ড সেবা প্রদান।
সারা দেশে প্রতিশ্রুতিশীল লাভজনক নতুন সেবা যেমন- Direct to Home (DTH) ব্রডকাস্টিং চালুকরণ।	এই প্রকল্পের অন্যান্য প্রধান উদ্দেশ্যগুলির মধ্যে একটি ছিল লাভজনক এবং প্রতিশ্রুতিবদ্ধ নতুন পরিষেবাসহ সারা দেশে ডাইরেক্ট-টু-হোম (ডিটিএইচ), বঙ্গবন্ধু স্যাটেলাইট -১ ব্যবহার করে ভিস্যাট, ব্রডব্যান্ড ইন্টারনেট এবং ভিডিও বিতরণ। বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ প্রকল্পের সকল কার্যক্রম নবগঠিত বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেডের (বিএসসিএল) কাছে হস্তান্তর করার পর, বিএসসিএল এখন দেশের সরকারি ও বেসরকারি সম্প্রচার টিভি চ্যানেলগুলোকে সেবা প্রদানের কার্যক্রম শুরু করেছে। একই সময়ে বিএসসিএল ইতোমধ্যেই বেক্সিমকোর সাথে তাদের ব্র্যান্ড নাম আকাশ নামে ডাইরেক্ট-টু-হোম (ডিটিএইচ) পরিষেবা সারা দেশে প্রদান করার জন্য যুক্ত হয়েছে। অন্যদিকে বিএসসিএল পাবলিক এবং প্রাইভেট ব্যাঙ্কে ভিস্যাট নেটওয়ার্কের মাধ্যমে টেলিযোগাযোগ সেবা এবং পাবলিক এবং প্রাইভেট সেলুলার মোবাইল ফোন অপারেটর এবং ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারকে (আইএসপি) ভিডিও বিতরণ করছে। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে দেওয়া ই-মেডিসিন, ই-লার্নিং এবং ই-এডুকেশন সহ কার্যক্রম চালাচ্ছে।
দেশে বিদ্যমান Terrestrial Backbone Network এর সমান্তরাল এবং ব্যাক-আপ হিসেবে স্যাটেলাইট কমিউনিকেশন সিস্টেম এর ব্যবহার।	উদ্দেশ্য অনেকাংশে অর্জিত হয়েছে। এই উদ্দেশ্যে গাজীপুর প্রাইমারী গ্রাউন্ড স্টেশন সক্রিয় ভাবে ব্যবহার করা হচ্ছে। তবে ব্যাকআপ হিসেবে রাঙ্গামাটি গ্রাউন্ড স্টেশনে এখনো অব্যবহৃত অবস্থায় আছে। প্রয়োজনীয় লোকবল নিয়োগ হয়নি। এক্ষেত্রে প্রকল্পের ভৌত টার্গেট অর্জিত হলে ও পুরো অবকাঠামো ব্যবহৃত হচ্ছে না। আংশিক ব্যবহার করা হচ্ছে।
বানিজ্যিক বাজার এবং আন্তর্জাতিক লীজের মাধ্যমে বৈদেশিক মুদ্রা উপার্জনে সুযোগ সৃষ্টি করা।	নবগঠিত বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেডের (বিএসসিএল) কাছে সফলভাবে বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ প্রকল্পের সকল কার্যক্রম হস্তান্তর করার পর, বিসিএসসিএল ইতোমধ্যেই সংলাপ শুরু করেছে এবং ইন্দোনেশিয়া এবং ফিলিপাইনের বেশ কয়েকটি অপারেটরের সাথে এমওইউ স্বাক্ষরের মাধ্যমে বাধ্যতামূলক হয়েছে। এই ক্রিয়াকলাপ এই উদ্দেশ্য পূরণের উপায় প্রতিফলিত করে।
দেশের টিভি চ্যানেলগুলো ব্রডকাস্টিং এর জন্য আন্তর্জাতিক ব্যান্ডউইথ ক্রয়ে বৈদেশিক মুদ্রা ব্যয় হ্রাসকরণ।	বিএসসিএল ইতিমধ্যে দেশের সরকারি ও বেসরকারি সম্প্রচারকারী টিভি চ্যানেলগুলোকে সেবা প্রদান করে। একই সময়েবিএসসিএল ইতোমধ্যেই বেক্সিমকোর সাথে তাদের ব্র্যান্ড নাম আকাশ নামে ডাইরেক্ট-টু-হোম (ডিটিএইচ) পরিষেবা সারা দেশে প্রদান করার জন্য যুক্ত হয়েছে। অন্যদিকে বিসিএসসিএল পাবলিক এবং প্রাইভেট ব্যাঙ্কে ভিস্যাট নেটওয়ার্কের মাধ্যমে টেলিকমিউনিকেশন সার্ভিস এবং পাবলিক এবং প্রাইভেট সেলুলার মোবাইল ফোন অপারেটর এবং ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারকে (আইএসপি) ভিডিও বিতরণ করছে। উক্ত অপারেটররা পূর্বে বিদেশী স্যাটেলাইট অপারেটর থেকে তাদের স্যাটেলাইট ব্যান্ডউইথ পাচ্ছে যার জন্য বাংলাদেহ থেকে বাইরের দিকে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা প্রবাহিত হয়। বিএসসিএলের এই উদ্যোগ এই উদ্দেশ্য পূরণের পথকে প্রতিফলিত করে।

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
স্যাটেলাইট রক্ষণাবেক্ষণ ও পরিচালনার জন্য একটি নতুন কোম্পানী তৈরি এবং	বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) ইতিমধ্যেই বঙ্গবন্ধু স্যাটেলাইট লঞ্চিং প্রকল্প থেকে উদ্যোগ গ্রহণের মাধ্যমে গঠিত হয়েছে। বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ প্রকল্পের সকল কার্যক্রম সফলভাবে বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেডের (বিএসসিএল) কাছে হস্তান্তরের পর, বিসএসসিএল ইতিমধ্যে একটি সুপ্রশিক্ষিত অপারেশন টিমের সাথে তাদের কার্যক্রম শুরু করেছে, যারা বঙ্গবন্দু স্যাটেলাইট উৎক্ষেপণ প্রকল্পের অধীনে ফ্রান্সের থ্যালেস অ্যালেনিয়া স্পেস থেকে দুই মাসের দীর্ঘ প্রশিক্ষণ নেয়। বিএসসিএল থেকে শুরু হওয়া এই কার্যক্রমটি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে প্রদত্ত ই-মেডিসিন, ই-লার্নিং এবং ই-শিক্ষাসহ এই উদ্দেশ্য পূরণের পথকে প্রতিফলিত করে।
নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও তথ্য প্রযুক্তি নির্ভর ব্যবসার পরিধি বৃদ্ধি।	বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) ইতিমধ্যেই বঙ্গবন্ধু স্যাটেলাইট লঞ্চিং প্রকল্প থেকে উদ্যোগ গ্রহণের মাধ্যমে গঠিত হয়েছে। বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ প্রকল্পের সকল কার্যক্রমসফলভাবে বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেডের (বিএসসিএল) কাছে হস্তান্তরের পর, বিসিএসসিএল ইতিমধ্যে একটি সুপ্রশিক্ষিত অপারেশন টিমের সাথে তাদের কার্যক্রম শুরু করেছে, যারা বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণের অধীনে ফ্রান্সের থ্যালেস অ্যালেনিয়া স্পেস থেকে প্রশিক্ষণ নেয়। নবগঠিত সংস্থাটি প্রায় ২০০+ কর্মকর্তা কর্মচারী নিয়ে গঠিত হয়েছে। তবে প্রশিক্ষণ হতে প্রাপ্ত ফলাফল পুরোপুরি অর্জিত হয়নি।

১৫ । উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণঃ

প্রকল্পের কাঙ্খিত মৌলিক উদ্দেশ্য অনেকাংশে অর্জিত হয়েছে । তবে এই উদ্দেশ্যে গাজীপুর প্রাইমারী গ্রাউন্ড স্টেশন সক্রিয় ভাবে ব্যবহার করা হচ্ছে। তবে ব্যাকআপ হিসেবে রাঙ্গামাটি গ্রাউন্ড স্টেশনে এখনো অব্যবহৃত অবস্থায় আছে। প্রয়োজনীয় লোকবল নিয়োগ হয়নি। এক্ষেত্রে প্রকল্পের ভৌত টার্গেট অর্জিত হলে ও আংশিক ব্যবহার করা হচ্ছে।

ইতিমধ্যে দেশীয় ৩৭টি চ্যানেল ও আকাশ সার্ভিস চালু হওয়ায় কিছু বৈদেশিক মুদ্রা সাশ্রয় হচ্ছে। তবে এখনো সামর্থ্যের মাত্র ৩০ % ব্যবহৃত হচ্ছে, অনেক Financial সার্ভিস এ স্যাটেলাইট সার্ভিসের আওতায় আসেনি এবং Ku Band এর কোন ব্যবহার না হওয়ায় ও কোন আন্তর্জাতিক বাজার সৃষ্টি না হওয়ায় এখনো কাঙ্খিত উদ্দেশ্য অর্জিত হয়নি। কাঙ্খিত উদ্দেশ্য অর্জনে আরো সময়ের প্রয়োজন হবে।

প্রশিক্ষণ হতে প্রাপ্ত ফলাফল পুরোপুরি অর্জিত হয়নি। প্রশিক্ষণ ও টেকনোলোজিক্যাল জ্ঞান হস্তান্তরের উদ্দেশ্য কিছুটা ব্যহত হয়েছে। কারণ প্রশিক্ষণ প্রাপ্ত সকলকে স্যাটেলাইট অপারেশনে সম্পৃক্ত করা হয়নি।

১৬। অডিট :

অডিট অধিদপ্তর কর্তৃক সম্পাদিত অডিট: বিজ্ঞান, তথ্য ও প্রযুক্তি অডিট অধিদপ্তর, সেগুনবগিচা, ঢাকা-১০০০।
নিরীক্ষার সময়কাল ২০১৪-২০১৫ অর্থবছর হতে ২০১৮-২০১৯ অর্থবছরের ডিসেম্বর পর্যন্ত।
অনুচ্ছেদ সংখ্যা ১৭ টি। সকল অর্থবছরের অডিট একসাথে সম্পন্ন করা হয়েছে।

অডিট অধিদপ্তর কর্তৃক সম্পাদিত অডিট: বিজ্ঞান, তথ্য ও প্রযুক্তি অডিট অধিদপ্তর, সেগুনবগিচা, ঢাকা-১০০০ ।

সময়	অনুচ্ছেদ নং	প্রধানফাইন্ডিংস/শিরোনাম/জড়িত টাকার অংক	নিষ্পত্তির অবস্থা		
			নিষ্পত্তি কৃত	নিরীক্ষা অধিদপ্তরে	ডাক ও টেলিযোগাযোগ বিভাগে
নিরীক্ষার সময়কাল ২০১৪-২০১৫	০১।	ইন্দোনেশিয়াতে Carrier Monitoring System (CMS) স্থাপন না করায় সরকারের আর্থিক ক্ষতি ৭,৬৪,৮৭,০১৭/- টাকা।		√	
	০২।	গাজীপুর ও বেতবুনিয়া গ্রাউন্ড স্টেশন নির্মান		√	

সময়	অনুচ্ছেদ নং	প্রধানফাইন্ডিংস/শিরোনাম/জড়িত টাকার অংক	নিষ্পত্তির অবস্থা		
			নিষ্পত্তিকৃত	নিরীক্ষা অধিদপ্তরে	ডাক ও টেলিযোগাযোগ বিভাগে
অর্থবছর হতে ২০১৮-২০১৯ অর্থবছরের ডিসেম্বর পর্যন্ত		Detailed Estimate অনুযায়ী যথাযথভাবে Civil Works সম্পন্ন করা হয়নি।			
	০৩।	ডিপিপি অনুযায়ী বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ Launching এর ২ বছর পূর্বে কোম্পানী গঠন না করায় কোন প্রকার ব্যবসায়িক কার্যক্রম এবং লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি।	√		
	০৪।	HSBC কর্তৃক দাখিলকৃত Legal Document এর Tax gross up indemnity, increased cost এবং Other Indemnities সমূহের উপর লেসিলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের মতমত উপেক্ষা কওে অর্থ মন্ত্রণালয়, এনবিআর, আইআরডি এবং বাংলাদেশ ব্যাংকের মতামত গ্রহণ না করে চুক্তি সম্পাদন করায় গ্রহণকৃত ঋণের বিপরীতে ব্যয়ের উপর ভ্যাট ও এআইটি বাবদ সরকাররের রাজস্ব ক্ষাতি।		√	
	০৫।	Intersputnik International Organization of Space communication এর ৩য় এবং ৪র্থ কিস্তির আংশিক বিলের বিপরীতে কর্তনকৃত ভ্যাট সরকারী কোষাগারে জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি ১০,৭৬,০২,১১৯/- টাকা।	√		
	০৬।	Intersputnik International Organization of Space communication এর ৩য় এবং ৪র্থ কিস্তির আংশিক বিলের বিপরীতে কর্তনকৃত এআইটি সরকারী কোষাগারে জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি ৭,১৭,৩৪,৭৪৬/- টাকা।	√		
	০৭।	ফ্রান্সের টুলুসে অনুষ্ঠিত Critical Design Review (CDR) সভায় অংশগ্রহণের জন্য জারীকৃত জিওতে ভ্রমণ সংক্রান্ত সকল ব্যয় Thales Alenia Space, France কর্তৃক বহন করা হবে বলা থাকা সত্তেও সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে বৈদেশিক ভ্রমণ ব্যয় প্রকল্প তহবিল হতে পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ৬,২৪,৮৮২/- টাকা।	√		
	০৮।	ভ্যাট বাবদ ৫,৮৫,১৫৩/- টাকা কর্তন না করায় সরকারের আর্থিক ক্ষতি।	√		
	০৯।	আয়কর বাবদ ৩,৯০,১০৮/- টাকা কর্তন না	√		

সময়	অনুচ্ছেদ নং	প্রধানফাইন্ডিংস/শিরোনাম/জড়িত টাকার অংক	নিষ্পত্তির অবস্থা		
			নিষ্পত্তি কৃত	নিরীক্ষা অধিদপ্তরে	ডাক ও টেলিযোগাযোগ বিভাগে
		করায় সরকারের আর্থিক ক্ষতি।			
	১০।	৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদান করে ফ্রান্সের টুলুসে অনুষ্ঠিত দীর্ঘ মেয়াদী NOCC প্রশিক্ষণ গ্রহণ করা সত্তেi ও কোম্পানিতে যোগদান না করায় সরকারের আর্থিক ক্ষতি ১০,২৮,৭৯৩/- টাকা।		√	
	১১।	প্রকল্প সংশ্লিষ্ট জিও না হওয়া সত্ত্বেও বৈদেশিক ভ্রমণ ভাতা প্রকল্পের তহবিল হতে পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ২,৪৭,৯০৪/- টাকা।		√	
	১২।	ব্যাংক হিসাবের প্রাপ্ত সুদ সরকারী কোষাগারে জমা না করায় আর্থিক ক্ষতি ১৪,৩৩,১৯৩/- টাকা।	√		
	১৩।	টেকনিক্যাল কনসালটেন্সি ফিস এর বিপরীতে কর্তনকৃত ভ্যাট সরকারী কোষাগারে জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি ২,৯২,০১৭/- টাকা।	√		
	১৪।	টেকনিক্যাল কনসালটেন্সি ফিস এর বিপরীতে কর্তনকৃত এআইটি সরকারী কোষাগারে জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি ১,৯৪,৬৭৭/- টাকা।	√		
	১৫।	প্রকল্পের অব্যয়িত অর্থ ৭৫,১৬,৮৭,২৪০/৩৫ টাকা সরকারি কোষাগারে জমা করা হয়নি।	√		
	১৬।	ডিপিপি অনুযায়ী বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ প্রকল্প সমাপ্ত হওয়ার পর ব্যবহৃত ২টি গাড়ী ও অন্যান্য ইকুইপমেন্ট নবগঠিত বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (BCSCL) বরাবর হ্যান্ড অভার করা হয়নি।		√	
	১৭।	ডিপিপি অনুযায়ী বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ প্রকল্পে নিয়োজিত জনবল কোম্পানিতে হ্যান্ড অভার করা হয়নি।			√

প্রকল্প কর্তৃপক্ষ জানান - ইতিমধ্যে ১০ টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে। অমীমাংসিত ০৭ টি অনুচ্ছেদ নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়েছে। তবে প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক এখনো অডিট নিষ্পত্তির কোন প্রমাণক প্রেরণ করা হয়নি।

১৭। প্রকল্প বাস্তবায়ন সমস্যা: বড় কোন সমস্যা হয়নি। প্রকল্পের প্রথম দিকে এ সংক্রান্ত টেকনিক্যাল জ্ঞান অভিজ্ঞতার অভাবে, Drawing/

Design সহ বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত নিতে সময় ব্যয় হয়।

১৮। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over - run: ৫০%)

১৯ । ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন : দুই জন প্রকল্প পরিচালক কাজ করেছে।

২০ । চুক্তি বাস্তবায়নে বিলম্বের কারণ: চুক্তি বাস্তবায়ন হয়েছে।

২১. সার্বিক পর্যবেক্ষণঃ

২১.১। এই সমাপ্ত প্রকল্পটি ৭/১১/২০২১ তারিখ গাজীপুরের জয়দেবপুরে স্থাপিত প্রাইমারী গ্রাউন্ড স্টেশন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালীন প্রকল্প পরিচালক জনাব মেজবাহুজ্জামান, ডিপিডি ও অন্যান্য কর্মকর্তা/ টেকনিশিয়ানরা উপস্থিত ছিলেন।

২১.২। প্রকল্পের প্রধান কাজ সমূহকে ২ ভাগে ভাগ করা যায়: (১) বিদেশে (২) দেশের ভিতরে।

প্রকল্পের প্রধান কাজগুলির অন্যতম প্রধান কাজ ছিল ১ টি স্যাটেলাইট তৈরী পূর্বক মহাকাশে অরবিটে স্থাপন করে স্যাটেলাইট যুগে প্রবেশ করা। এই কাজে যেহেতু বাংলাদেশের নিজস্ব ক্যাপাসিটি নেই তাই বৈদেশিক সহায়তায় ও বিদেশের মাটিতে ফ্রান্সে তৈরী করা হয় ও আমেরিকার ফ্লোরিডা থেকে উৎক্ষেপন পূর্বক অর্বিটে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ স্থাপন করা হয়।

উৎক্ষেপিত বঙ্গবন্ধু স্যাটেলাইটকে নিয়ন্ত্রণ ও দৈনন্দিন অপারেশনের জন্য দেশের ভিতর অবকাঠামো গড়ে তোলার নিমিত্তে দু' জায়গায় অবকাঠামো গড়ে তোলা ও স্থাপন করা হয়। ১টি হলো গাজীপুরের জয়দেবপুরে এবং অন্যটি রাঙ্গামাটি জেলার বেতবুনিয়ায় অবস্থিত।

দুটি জায়গাতেই নিম্ন সিভিল work/ অবকাঠামো গড়ে তোলা হয়।

ছোট বড় ৫টি ভবন:

- Anchor Building (৩ তলা)
- ডরমেটরী ভবন (৩ তলা)
- Utility Building (১ তলা)
- নিরাপত্তা ব্যারাক ভবন (১ তলা)
- গেইট হাউস

২১.৩। (ক) প্রকল্পের লক্ষ্য অনুসারে ইতিমধ্যে মার্কিন যুক্তরাষ্ট্র থেকে স্যাটেলাইট উৎক্ষেপিত হয়েছে। অরবিটে সফলভাবে স্থাপিত হয়েছে।

(খ) দেশের ভিতরে স্যাটেলাইট পরিচালনার নিমিত্তে DPP ভূক্ত উল্লেখিত অবকাঠামো তৈরী করা হয়েছে। গাজীপুর ও রাঙামাটি দুই জেলায়। গাজীপুরের অবকাঠামো স্যাটেলাইট পরিচালনার কাজে সক্রিয়ভাবে ব্যবহৃত হচ্ছে।

২১.৪। PCR মূল্যায়নের নিমিত্তে গাজীপুরের জয়দেবপুরে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ লি: এর অবকাঠামো এলাকা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায়-

- এই প্রকল্পের সর্বমোট ১৩ একর জমি অধিগ্রহণ করা হয়েছে। এর মধ্যে ৫ একর জমির উপর স্থাপনা রয়েছে এবং ৫ একর জমি বাউন্ডারী দিয়ে সুরক্ষিত করা হয়েছে। এছাড়া বাকী ৮ একর জমি বাউন্ডারী ওয়ালের বাইরে খালি পড়ে আছে। এর মধ্যে আবার কিছু জমি একটি স্কুলের স্থাপনা ও অবৈধ দখলে রয়েছে।

- Turnkey ঠিকাদারের মাধ্যমে সকল Civil Work সম্পন্ন করা হয়। Turnkey ঠিকাদার Thales Alenia Space, France. পরিদর্শনকালীন উপস্থাপিত Hand over list ও In-built ড্রয়িং ডিজাইন অনুযায়ী গাজীপুর গ্রাউন্ড স্টেশনে উল্লেখিত ৫টি সিভিল ওয়ার্ক/স্থাপনা সমূহ যথাক্রমে: Anchor Building, ডরমেটরী ভবন, Utility Building, নিরাপত্তা ব্যারাক ভবন, গেইট হাউস-দৈবচয়নের মাধ্যমে ফ্লোর প্ল্যান ও পরিমাপ অনুযায়ী নিরিক্ষা করে সঠিক আছে দেখা যায়। C. Band ও Ku Band Antena স্থাপন করা হয়েছে। Turnkey সিস্টেমে এ প্রকল্প বাস্তবায়ন করা হয়। ডিপিপিতে কোন ডিটেইলড ডিজাইন নেই। প্রকল্প পরিচালক জানায় Turnkey চুক্তি অনুয়ায়ী ঠিকাদার কর্তৃক ড্রইং/ডিজাইনকৃত স্থাপনা তৈরী করা হয়েছে। তবে অডিট আপত্তিতে দেখা যায় গাজীপুর ও বেতবুনিয়া গ্রাউন্ড স্টেশন নির্মান Detailed Estimate অনুযায়ী যথাযথভাবে Civil Works সম্পন্ন করা হয়নি। এ বিষয়ে কর্তৃপক্ষের ব্যাখ্যা দরকার।

- ডরমেটরীতে ১১ টি আবাসিক রুম, ১টি জিম রুম, ডাইনিং রুম ও অতিথিদের বসার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা রয়েছে। ডরমেটরি ভবনটি বর্তমানে চালু রয়েছে এবং তা ব্যবহার হচ্ছে। স্যাটেলাইট এ্যান্টেনা স্থাপিত অবস্থায় দেখা যায়। Anchor ভবনে স্যাটেলাইটের অপারেশনাল কাজ চলছে। এংকর ভবনে বর্হিভাগে দেওয়ালে কিছুটা Rust জমতে দেখা যায়।

২১.৫। উৎক্ষেপিত স্যাটেলাইটের কমপ্ল্যাইন্স রিপোর্ট দেখা হয়েছে। স্যাটেলাইট অপারেশন কন্ট্রোল সেন্টারে অপারেশনাল রুমে অন-স্ক্রিনে রিয়েল টাইমে স্যাটালাইট হতে প্রাপ্ত ডেটাসমূহ পর্যবেক্ষণ করা হয়। এছাড়া দেখা যায় ৩৭টি দেশীয় টিভি চ্যানেলের প্রোগ্রাম রিসিভ করে অন-এয়ারে প্রেরণ করা হচ্ছে। DTH/আকাশ সার্ভিস অপারেশন চলমান আছে।

২১.৬। উপস্থিত কর্মকর্তাদের সাথে আলাপ ও অনুসন্ধানে জানা যায়, রাঙ্গামাটির বেতবুনিয়ায় সেকেন্ডারি গ্রাউন্ড স্টেশনে একই স্থাপনা ও সুযোগ সুবিধা স্থাপিত হয়েছে। তবে এখনো জনবল নিয়োগ হয়নি এবং অপারেশন শুরু হয়নি। এতে প্রকল্পের সার্বিক লক্ষ্য কিছুটা ব্যাহত হয়েছে।

২১.৭। কর্তৃপক্ষের সাথে মতবিনিময়ে জানা যায়, এই স্যাটেলাইট ক্যাপাসিটির মাত্র ৩০ শতাংশ ব্যবহার হচ্ছে এবং ৭০ শতাংশ এখনো অব্যবহৃত রয়ে গেছে। C band এর ব্যবহার চলছে কিন্তু Ku band ব্যবহার এখনো হচ্ছে না। তবে ইন্দোনেশিয়া ও ফিলিপাইনে সার্ভিস সিস্টেম স্থাপন করা হয়েছে মর্মে জানানো হয়।

২১.৮। প্রশিক্ষণ সংক্রান্ত পর্যবেক্ষণ: চুক্তির আওতায় থ্যালাস ইতোমধ্যে ৩০ (ত্রিশ) জন জনবলকে তাদের Integration Center, কান, ফ্রান্সে এবং Manufacturing Center, টুলুসে বিভিন্ন মডিউলে ৩ (তিন) মাসব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম শেষ করেছে। গাজীপুর এবং বেতবুনিয়াতে অবস্থিত প্রাইমারী এবং সেকেন্ডারী গ্রাউন্ড স্টেশনে বসে সরাসরি স্যাটেলাইট নিয়ন্ত্রণের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রশিক্ষিত এ সকল কর্মকর্তাগণ কাজ করেছেন। স্যাটেলাইট পরিচালনার জন্য নবগঠিত কোম্পানীর সদ্য নিয়োগপ্রাপ্ত ১৮ জন, বিটিআরসি হতে মনোনীত ৪ জন এবং বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপন প্রকল্পের ৮ জনসহ সর্বমোট ৩০ জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেছেন। মূলত ২ (দুই) ভাবে বিভক্ত (ক) NOCC অংশে এবং (খ) SOCC এর জন্য টুলুস সিটিতে মোট=১৬ জন NOCC অংশে এবং কান সিটিতে মোট=১৪ SOCC প্রশিক্ষণ গ্রহণ করেন। তৎপরবর্তীতে চুক্তির আওতায় On Job Training (OJT) সম্পন্ন করা হয়। এই প্রকল্প হতে প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তাদের নবগঠিত স্যাটেলাইট কোম্পানীতে নিয়োগ প্রদানের কথা থাকলেও সকলকে নিয়োগ প্রদান করা হয়নি। এতে প্রশিক্ষণ হতে প্রাপ্ত ফলাফল পুরোপুরি অর্জিত হয়নি। প্রশিক্ষণ ও টেকনোলোজিক্যাল জ্ঞান হস্তান্তরের উদ্দেশ্য কিছুটা ব্যহত হয়েছে।

২১.৯। Error and Trial বেসিসে অপারেশনাল অভিজ্ঞতা বৃদ্ধির ফলে স্যাটেলাইট কর্তৃক প্রদত্ত সার্ভিসের কার্যকারীতা আগের তুলনায় বৃদ্ধি পেয়েছে অপারেশন সেন্টার পরিদর্শন ও মতবিনিময়ে জানা যায়। এ স্যাটেলাইট সার্ভিসের কার্যকারিতা, সুফল এবং বিবিধ আইটি সার্ভিসের বিষয়ে তেমন প্রচারণা দেখা যায়নি। ফলে সার্ভিসের সুফল কাঙ্খিত পর্যায়ে প্রসারিত হয়নি।

২১.১০। এই প্রকল্পের দুই জন প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়। ১ম প্রকল্প পরিচালকের তুলনায় ২য় প্রকল্প পরিচালক এর মেয়াদে অগ্রগতি অনেক বেশি এবং তুলনামুলক এফেক্টিভনেস বেশি দেখা যায়।

২১.১১। পরিবেশের উপর প্রভাব: প্রকল্প পরিদর্শনে গাজীপুর প্রাইমারী গ্রাউন্ড স্টেশন এলাকায় প্রকল্প বাস্তবায়নে পরিবেশের উপর কোন নেতিবাচক প্রভাব পরিলক্ষিত হয়নি। প্রকল্পের এরিয়ায় সৌন্দর্যবর্ধন, ঘাস ও গাছপালা রোপন করে পরিবেশকে সবুজায়ন করা হয়েছে।

২১.১২। এ স্যাটেলাইটের নতুন লাভজনক ক্ষেত্র হবে এটিএম/ফাইন্যান্সিয়াল সার্ভিস। ku band এর কাভারেজ এরিয়া হলো বাংলাদেশ, ইন্দোনেশিয়া, ফিলিপাইন, ইন্ডিয়া প্লাস (বিডি + নেপাল+ ভুটান+শ্রীলঙ্কা) কাভারেজ এরিয়া হলো Tan Countries (পাকিস্তান, কাজাকিস্তান, আফগানিস্তান, তাজিকিস্তান, ইত্যাদি মধ্যএশিয় দেশ) Sarc Countries, South Asia, Malayesia, Singapoor, India(+).

২২। ডিপিপি পর্যালোচনা:

মূল ডিপিপির প্রাক্কলিত ব্যয় ছিল ২৯৬,৭৯৫.৭৭ লক্ষ টাকা RDPP তে প্রাক্কলিত ব্যয় কম হয়েছে ২৭৬,৫৬৬.২৫ লক্ষ টাকা। তবে প্রকৃত ব্যয় কমে হয়েছে ২৫৭,৫৬৩ লক্ষ । এতে মূল ডিপিপি থেকে ১৩.২১% কমে প্রকল্প সমাপ্ত হয়েছে। ১৯০ কোটি টাকা অব্যয়িত বা সাশ্রয় হয়েছে।

মূল ডিপিপিতে জুলাই ২০১৪- জুন ২০১৭ পর্যন্ত ৩ বছর সময় ছিল। RDPP তে তা ১ বছর বৃদ্ধি করে জুন ২০১৮ পর্যন্ত করা হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয় ডিসেম্বর ২০১৮ পর্যন্ত। এই প্রকল্প বৈদেশিক সহায়তা ও জিওবি টাকা দিয়ে বাস্তবায়ন হয়। HSBC, France এই প্রকল্পের বৈদেশিক সাহায্যকারী হিসেবে Finance করে।

Turnkey ভিত্তিতে এই প্রকল্প বাস্তবায়ন করা হয়। Thales Alenia Space France Turnkey ঠিকাদার হিসাবে কাজ সম্পন্ন করে।


২৩। প্রকল্প পরিদর্শনের কিছু আলোক চিত্র:




স্যাটেলাইটের এ্যানটেনা




এ্যাংকর ভবন



স্যাটেলাই হতে বড় স্ক্রীনে ডাটা রিয়লটাইমে রিফল্যাকন হচ্ছে



স্যাটেলাইট অপারেশন কক্ষে যন্ত্রপাতির একাংশ



অপারেশন একাংশে কার্যক্রম পরিদর্শন



সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে গ্রাউন্ড স্টেশনের মাঝে



ইউটিলিটি ভবন



ভিতরের রাস্তা /ওয়াল ফেন্সিং এর একাংশ

২৪। মতামত/সুপারিশ :

সার্বিক বিবেচনায় প্রকল্পটি বেশ চ্যালেন্জিং হলেও সফল সমাপ্তি হয়েছে। এই প্রকল্পের মাধ্যমে বাংলাদেশ স্যাটেলাইট যুগে সরাসরি প্রবেশ করেছে। অরবিটে স্যাটেলাইট স্থাপিত হয়ছে। তবে কাঙ্খিত লক্ষ্য উদ্দেশ্য অর্জনে আরো পথ পাড়ি দিতে হবে;

২৪.১ প্রকল্পে ১৩ একর জমি অধিগ্রহণ করা হলেও মাত্র ০৫ একর জমি বাস্তব দখলে নিয়ে সুরক্ষিত করা হয়েছে। কিন্তু অবশিষ্ট জমি বেদখল/অরক্ষিত অবস্থায় পড়ে আছে। এমতাবস্থায় অরক্ষিত ও বেদখলকৃত ভূমি দখলে এনে সংস্থা কর্তৃক সুরক্ষিত করার ব্যবস্থা করা প্রয়োজন।

২৪.২ প্রচারেই প্রসার কিন্তু স্যাটেলাইট যুগে প্রবেশ করলেও এ সংক্রান্ত সংস্থার টেকনিক্যাল ক্যাপাসিটি, বিবিধ সার্ভিস নিয়ে প্রচার প্রসার তেমন দেখা যায়নি। এখনো ৭০% ক্যাপাসিটি অব্যবহৃত রয়ে গেছে। Ku band এর ব্যবহার এখনো হচ্ছে না। দেশের বাইরে স্যাটেলাইট আওতাভুক্ত বিশাল এলাকায় এখনো কোন সার্ভিস দেয়া হচ্ছে না। এমতাবস্থায় ক্যাপাসিটির পূর্ণ ব্যবহারের লক্ষ্যে দেশে বিদেশে প্রচার ও প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

২৪.৩ পিসিআর দৃষ্টে দেখা যায় ইন্দোনেশিয়ায় এবং ফিলিপাইনে স্যাটেলাইট থেকে নির্গত তরঙ্গ পর্যবেক্ষণের জন্য দুটি Carrier Monitoring System স্থাপনের স্থলে কেবল ফিলিপাইনে স্থাপন করা হয়েছে। সংস্থা থেকে জানানো হয়েছে ইন্দোনেশিয়ায় CMS (Carrier Monitoring System) ইতিমধ্যে প্রতিষ্ঠা করা হয়েছে। বিলম্বে স্থাপনের কারণ ও প্রমাণক আইএমই বিভাগে প্রেরণের জন্য দৃষ্টি আকর্ষন করা হলো।

২৪.৪ বেতবুনিয়ায় জনবল নিয়োগ ও সেকেন্ডারী গ্রাউন্ড স্টেশন হিসেবে স্যাটেলাইট অপারেশন সক্রিয় করার দ্রুত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। অন্যথায় মূল্যবান স্থাপনা ও যন্ত্রপাতি বিকল/নষ্ট হওয়ার সম্ভাবনা রয়েছে এবং প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হবে না।

২৪.৫ আকাশ সার্ভিসকে প্রসারিত করে এবং নতুন নতুন Financial সার্ভিসকে আওতায় এনে রাজস্ব বৃদ্ধির উদ্যোগ বাঞ্ছনীয়;

২৪.৬ অমীমাংসিত অডিট আপত্তি সমূহ বিশেষ করে অর্থ ফেরত (প্রযোজ্য ক্ষেত্রে)/আপত্তি নিষ্পত্তির প্রমাণকসহ আইএমই

বিভাগকে অবহিত করতে হবে। Turnkey সিস্টেমে এ প্রকল্প বাস্তবায়ন করা হয়। ডিপিপিতে কোন ডিটেইলড ডিজাইন নেই। প্রকল্প পরিচালক জানায় Turnkey চুক্তি অনুয়ায়ী ঠিকাদার কর্তৃক ড্রইং/ডিজাইনকৃত স্থাপনা তৈরী করা হয়েছে। তবে অডিট আপত্তিতে দেখা যায় গাজীপুর ও বেতবুনিয়া গ্রাউন্ড স্টেশন নির্মান Detailed Estimate অনুযায়ী যথাযথভাবে Civil Works সম্পন্ন করা হয়নি। এ বিষয়ে কর্তৃপক্ষের ব্যাখ্যা দরকার।

২৪.৭ জনবল নিয়োগ দেয়ার সময় প্রকল্প থেকে প্রশিক্ষণ প্রাপ্ত সকল কর্মকর্তা/টেকনিশিয়ানকে ধাপে ধাপে প্রতিষ্ঠিত স্যাটেলাইট কোম্পানিতে অগ্রাধিকার দিয়ে নিয়োগ দেয়া বাঞ্ছনীয়। অন্যথায় সংশ্লিষ্টদের জন্য প্রকল্প থেকে আর্থিক ব্যয়ের উদ্দেশ্য পূর্ণ হবে না।

২৪.৮ গাজীপুর স্যাটেলাইট গ্রাউন্ড স্টেশন একটি আন্তর্জাতিক মানের স্থাপনা। স্থাপনার বাইরের দেয়ালে কিছু জায়াগায় Rust জমতে দেখা যায়। এটার পরিচ্ছন্নতা ও সৌন্দর্য্য বজায় রাখা প্রয়োজন।

২৪.৯ ২৪.১ থেকে ২৪.৮ অনুচ্ছেদের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণ পূর্বক ৬০ দিনের মধ্যে আইএমই বিভাগ কে অবহিত করতে হবে।